

# বঙ্গভাষার ইতিহাস।

### প্রথমভাগ।

প্রবেতা

**জ্রী মহেন্দ্রনাথ চট্টোপা**ধ্যায়

গুপ্তযন্ত্ৰ

কলিকাতা—২৪ মিৰ্জাকৰ্শ লেন।

जबर >>२४, टेकाई l

## (পূর্ব্বপীটিকা।)

প্রায় এক বংসর অতীত হইল, "বঙ্গ ভাষার ইতি-হাস' নামক একটা প্রবন্ধ জ্ঞানদীপিকা সভার দ্বিতীয় বাৎসরিক অধিবেশন সময়ে মৎকর্ত্তক পট্টত হইয়াছিল। নানা কারণ বশতঃ এত দিন ইহা মুদ্রাক্ষন করিতে সক্ষম হই নাই। এক্ষণে কতিপয় বন্ধুর উৎসাহে ভাহার ভানেক স্থান পরিবর্ত্তন ও সংযোজন পূর্ত্তক, সাধারণ সমক্ষে প্রচার করিলাম। মাদৃশ ব্যক্তির পক্ষে ইহা অতঃস্ত ছুঃসাহসের কার্য্য হইয়াছে সন্দেহ নাই। কার্ণ ইতি-হাস রচনা করা কতদূর ক্ষমতার আবশাক, তাহা বোদ্ধা মাত্রেই অবগত আছেন। সেই ক্ষমতার শতাংশের একাংশও এ থানুরচয়িতার আছে কি না সন্দেহ। বিশেষতঃ বাঙ্গালাদেশের ইতিরন্ত অত্যন্ত অম্পন্ট। বেদেশের ইতির্ক্ত অত্যন্ত অপ্রিক্তেয়, সেই দেশ-প্রচলিত ভাষার আদিন বিবরণ তদপেক্ষা অধিক তু-প্রাপ্য, তদ্বিয়ে বাকা বায় অনাবশাক। বহু অনুসন্ধান দারা এই ক্ষুদ্র পুস্তকে বঙ্গভাষার ইতিহাসঘটিত কয়েকটী কথা লিখিত ছইন। বশোলাভ বা অর্থোপার্জনার্থ ইহ।র,চিত হয় নাই, ইহার ছারা বন্ধ-সাহিত্যসমাজের কিঞ্মিন্মাত্র উপকার হইলেই আমার উদ্দেশ্য সাধিত

इटेरवा गांधालक इंटा माधातरगत लाकालकाती করিতে ক্রেট করি নাই, তথাচ ইহাতে যেসকল ভ্রম রহিল, তাহা সজ্জনমণ্ডলীর উদার স্বভাবের উপর নির্ভর করিয়া নিশ্চিন্ত রহিলাম। ভাবশেষে সক্লওজ্ঞ হাদয়ে প্রকাশ কবিতেছি,প্রণয়াস্পদ বাবু প্রাণক্ষ দত্ত মহাশয় আমাকে বিশেষ প্রোৎসাহিত করিয়াছেন। বস্তুতঃ ইনি অংগ্রহ প্রকাশ না করিলে, অংমি এই পুস্তক প্রচার কবিতাম কি না সন্দেই।

কলিকাতা, কুমারটুলি
১৯ নং জয়মিত্রঘাট লেন
স্কলেম।

এই পৃস্তক রচনা সময়ে নিম্ন লিখিত ইংরাজী ও বাঙ্গালা পুস্তক ও পত্রের সাহায্য প্রাপ্ত হইয়াছি :—

Calcutta Review, Westminster Review. কবিচবিত এবং বিৰিধাৰ্গ সংগ্ৰহ।



## বঙ্গ ভাষার ইতিহাস।

(বঙ্গ ভাষার উৎপত্তি।)

পার্থিব সকল পদার্থই পরিবর্ত্তনশীল।

তামরা যে দিকেজ্ঞাননেত্রোন্থালন করিয়া দেখি,

দেই দিকেই দেখিতে পাই যে, কোন বস্তু

নৃত্য উৎপন্ন হইতেছে, কোন বস্তু বা ধং স

হইয়া ভিন্ন ভিন্ন পরমাণুতে লীন হইতেছে।

অদ্য যে বস্তু একরূপ দেখা যায়, কল্য তাহার
ভিন্ন ভাব দৃষ্ট হয়; বর্ত্তমান নিমেন্ন মধ্যে আ—

মরা যাহা দেখি, আবার তৎপরক্ষণেই ভাহার

আর একটা ভিন্ন ভাব লক্ষিত হয়; অদ্য ঘোর

ঘনারত হইয়া গগনমগুল হইতে অনবরত বারিধারা বর্ষিত হইতেছে, কল্য ঠিক বিপরীত ভাব;

অদ্য থণ্ড প্রলয়ের উৎপাতে অবিষ্ঠানভূত ধরণী
মণ্ডল কম্পনান হইতেছে, জীবগণ ওষ্ঠাগত—

প্রাণ হইয়ানিজ নিজ রক্ষা হেতু উপায় চিন্তা করিতেছে, কল্য আবার সমুদারই স্থিরভাব, প্রাণিগণ নির্ভয়-চিত্তে মহোল্লাদে বিচরণ করি-তেছে। এ সমস্ত বস্তুর কথা দূরে থাকুক, অতি দৃঢ়তর পর্বত সমূহ যাহা কথন ভিন্ন ভাব ধারণ করিবে এরপ ভাব আমাদিগের অন্তরাকাশে উদিত হয় নাই, তাহাও কালক্রমে অনন্তনিয়মা-ধীন হইয়া ভগ্নচূড় হইতেছে। এমন কি, কোন-টীরবা একেবারে চি<sub>.ই</sub> পর্য্যন্ত বিলুপ্ত হইয়া দীর্ঘ দীর্ঘ হ্রদরপে পরিবর্ত্তিত হইতেছে; স্থবিস্তৃত দ্বীপ ममूह योहा व्यमर्था व्यमर्था कीत्वत व्यक्षिप्रीन ভূমি-সমূহ হইতে শত শত হস্ত উচ্চ,সেই দ্বীপ-পুঞ্জও সাগরে নিমশ্ব হইরা, জলাকীর্ণ স্থানে পরিণত হইতেছে; কোথাও বা সাগর-গর্ভ হইতে ক্দু কুদু পর্বত বাহির হইয়া একটা জনাকীণ দ্বীপ সমুৎপন্ন হইতেছে। পৃথিবী-মণ্ডলে এমন কোন বস্তুই দুই হয় না, বাহা পরিবর্ত্ত:নর অধীন নছে। স্কুতরাং মনুষ্টের আহরিক ভাবও যে এই নিয়মের অনুবর্তী,

তদ্বিধয়ে কিছুমাত্র সন্দেহ নাই। যে হেতু আমরা সাধারণত দেখিতে পাই যে, শৈশবাৰস্থায় মনুষ্যের একরূপ আন্তরিক ভাব থাকে, যেবন কাল উপস্থিত হইলে তাহা পরিবর্ত্তিত হয়, আবার যৌবন কাল উত্তীর্ণ হইরা গেলে, প্রোঢ়ে পদার্পণ সময়ে মনোয়ত্তি সকল অন্যভাব ধারণ করে, এবং বৃদ্ধাবস্থায়ও সেইরূপ পরিবর্তনের নিরম আছে। মনুব্যের মনোরত্তি সকল পরি-বর্ত্তনের সহিত অবস্থা, রীতি, নীতি, আচার, ব্যবহার নমুদায় পরিবর্ত্তিত হইতে থাকে। প্রাচীন কালের ইতিবৃত্তগ্রন্থ সকল পর্য্যালোচনা দ্বারা জ্ঞাত হওয়া যায় যে, যথন একটী জাতির রীতি নীত্যাদি সংকৃত হইতে আরম্ভ হয়, তথন তাহার দঙ্গে সঙ্গে ভাষাও পরিবর্ত্তিত ও পরি-মার্চ্ছিত হইতে থাকে, ইহার উদাহরণ স্বরূপ ইংরাজজাতি ও ভাঁহাদিগের ভাষার এতি মনোনিবেশ করিলে অনায়াদেই উপলব্ধি হইতে পারিবে। এতদ্বারা স্পটই বুঝা বাইতেছে যে, আমাদিগের ভাষা অন্য কোন

একটা প্রাচীন ভাষার অপত্রংশেই উৎপন্ন হইয়াছে। অসাদেশীয় ইতিরতগ্রন্থ অতি হুষ্পাপ্য। কেবল মহাকাব্য রামায়ণ ও মহা-ভারত ভিন্ন আর যাহা কিছু ছিল, অবিকাং শই উপযুর্পির রাষ্ট্রিপ্লবে বিশ্বংস হইয়া গিয়াছে। এতদ্ভিন্ন আর যে সমস্ত ইতিহাস সম্বনীয় পুস্তক দৃষ্ট হয়, তাহার অধিকাংশই অসম্পূর্ণ অথবা আকর্য্য উপাধ্যান সমূহে পরিপূরিত, বিশ্বাস-যোগ্য সার বিষয় অতি অপ্পই আছে। কিন্ত যাহা হউক, পূৰ্ব্বোক্ত বিশ্বাদ্য প্ৰাচীন গ্ৰন্থদ্বয়ে ভাষা সম্বন্ধে কোন প্রসঙ্গই দৃষ্ট হয় না। এই নিমিত্ত কোন্ সময়ে এই ভাষার উৎপত্তি হইরাছে, তাহার স্থানিশ্যরপে স্থির করা যায় না। কিন্তু আমরা বিবেচনা দ্বারা স্পান্টাক্ষরে বলিতে পারি ষে, এই ভাষা-রত্ন, সংস্কৃত-ভাষা-রত্নাকর হই-তেই উত্তোলিত হইয়াছে। বোধ হয়, সংস্কৃত ভাষাজ্ঞ ব্যক্তি মাত্রেই এ বৈষয়ে দ্বিরুক্তি করি-বেন না। অতএব এই খনি অম্বেষণ করিলে অবশ্যই ইতিলক্ষ রত্ন সমূহের উৎপত্তি বিবরণ কিছু ন: কিছু অবগতি হইতে পারিবেই পারিবে। অতএব তদম্বেষণে প্রবৃত হওয়া গেল।

ইউরোপীয় ভাষাবিৎ পণ্ডিতেরা লিখিয়াছেন যে, অতি পূর্বকালে পুরাতন গোলকার্দ্ধে কেবল তিনটী প্রাচীন ভাষা মাত্র প্রচলিত ছিল। ভন্মধ্যে এসিয়া খণ্ডের অন্তঃপাতি ইরান্ প্রদেশীয় একটাভাষা হইতে লাটিন,জর্মন,গ্রীক,নর্স,প্রভৃতি ভাষার উৎপত্তি হয়: এদিয়া খণ্ডের জেন্দ ভাষা হইতে উদ্দৃ ইত্যাদি এবং সংস্কৃতের অপভংশে ভারতবর্ষীয় বর্ত্তমান প্রচলিত ভাষার প্রায় অধিকাং শই উৎপত্তি হইয়াছে। তাহার সংক্ষিপ্ত বিবরণ এহুলে প্রকটিত হইল। যথ।,—বর্ত্তমান যে কোন ভাষা যতই সম্পূর্ণাবস্থা প্রাপ্ত হউক না কেন, প্রথমতঃ একেবারে কথনই দেরূপ হইতে পারে না, অপরিণতাবস্থা হইতেই ক্রমে পরিবর্ত্তিত হইয়া একটা উৎক্লয় ভাষা মধ্যে পরিগণিত হর। সংস্কৃত যে এত উৎকৃষ্ট ও সুললিত ভাষা, তাহাও বহুবার পরিবর্ত্তিনা হইয়া ক**থন** এরপ পূর্ণাবন্থা ধারণে সমর্থ হয় নাই। কারণ

**সংকৃতভাষাবিৎ পণ্ডিত মহাশয়েরা বিশে**ষ সমালোচনা দার৷ অবগত হইরাছেন যে, ঋথেদ নংহিতার ভাষাই অতীব প্রাচীন। কিন্তু তাহার সহিত মনুসংহিতা ও বাল্মীকি রামায়-ণের ভাষার তুলনা করিয়া দেখিলে অনেক পরিবর্ত্তন দৃউ হয়। পরস্ত আবার ঐ সংহিতার ও রামায়ণের ভাষার সহিত মহাভারতের অনেক বৈলক্ষণ্য প্রতীতি হইয়া থাকে। / মহাভারত রচনার কয়েক শত বৎসর পরে, ভারতকবি-কুলশেথর কালিদাস জন্মগ্রহণ করেন। ভাঁহার দ্বারা ভাষার অনেক পরিবর্ত্তন হইয়াছে। বোধ হয় কালিদাসের সংস্কৃত, তাল্লিক সংস্কৃতে পরিণত হইয়া থাকিবে। এস্থলে অনেকে জিজ্ঞাসা করিতে পারেন যে, এরূপ পরিবর্ত্তনের কারণ কি ? কিন্তু স্থির চিত্তে বিভাবনা করিয়া দেখিলে স্পটই জ্ঞাত হইতে পারা যায় যে, উচ্চারণদোকর্য্য ও অধিক ভাব অম্প সময় মধ্যে প্রকাশার্থই ভাষা এইরূপ দংকৃত হইরা থাকে 🗅 বৈদিক-সংস্ত অতীব হ্রহ ও হ্রু-

চার্যা,সংকৃত ভাষা-বিশারদ পণ্ডিত মহাশয়ে-রাও সময়ে সময়ে উক্ত গ্রন্থরচিত শব্দাবলী উচ্চারণ করিতে সঙ্কু চিত হন। বোধ হয়, তজ্জন্যই মরুদং হিতা, রামায়ণ, মহাভারত ও কালিদাসের সংকৃত অপেকাক্ত সরল ও 🜛 সকল রচনায় অধিক বিকৰ্ষণ কাৰ্য্য ব্যবহৃত হইয়াছে। 🕻 শৃষ্টীয় শতাকীর ৫ শত বৎসর পূর্ব্বে বুদ্ধাদেবের সম– কালে সংস্কৃত ভাষার অপভংশে 'গাখা" নামী একটী পৃথক ভাষা সমুৎপন্ন হইয়াছিল। সংক্তজ্ঞ মহোদরগণ বলেন যে, গাথা প্রাচীন সংস্কৃতের সহিত প্রায় সর্বাংশেই সমান,কেবল বিকর্ষণ কার্য্যের নিশিত্ত বিভক্তানির কিছু বৈলক্ষণ্য দৃষ্ট হয়। এই অপভংশিত ভাষা সমুৎপদ্নের প্রায় ২৫০ বংসর পরে অশোক রাজার আধিপতা সময়ে উহাই পরিবর্তিত হইয়া **্পালী" আ**খ্যায়িকা ধারণ করে। এই ভাষা এ পর্যান্ত সিংহল দ্বীপে প্রচলিত আছে 🌶 অ-শোক রাজার প্রায় এক শত বংসর পরে প্রাক্ত ভাষা সমুৎপন্ন ইইয়াছে। তৎপূর্ব্বে যে প্রাকৃত

ভাষার স্থাট হয় নাই, তদ্বিষয়ে অনেক প্রমাণ পাওরা যার, অনাবশাক বোধে এন্থলে লিখিত হইল না। প্রাবল প্রতাপান্বিত উজ্জায়িনী স্বামী বিক্রমাদিত্যের শাসন কালে সংস্তভাষা অপ– ভংশিত হইয়া প্রাকৃত, মহারাধ্রীয়, মাগধী, শোরদেনী, পৈশাচী, ও পাশ্চাত্য প্রভৃতি অক্রন দশ বা দ্বাদশটা ভাষার সৃষ্টি হয়। প্রাচীন আর্য্যাণ সেই সমূহকেই প্রাক্ত নামে আখ্যাত করিরাছেন। এবং বোধ হয় সেই সমুদায় ভাষার পরিবর্তনেই বাঙ্গালা, তৈলঙ্গী, গুজরাটী, হিন্দী প্রভৃতি ভারতবর্ষের অধুনা প্রচলিত ভাষা সমূ-হের উৎপত্তি হইয়া থাকিবে। কিন্তু কোন্ প্রাক্ত হইতে কোন্টার সৃক্তি হইয়াছে, তাহার কোন িশেব প্রমাণ প্রাপ্ত হওয়া বায় না। বিশেষত, বঙ্গ ভাষায় লিখিত কোন প্রাচীন রচনা না থাকার এই ভাষার আদিম বিবরণ সংগ্রহ করা অতীব কঠিন। বহু অনুসন্ধান দার। অবগতি হয় চৈতন্য দেবের আবিভূতি হুইবার এক শত বৎসর পূর্ব্বে রাজ। শিব্দিং হ

লক্ষী-নারায়ণের আধিপত্য সময়ে, বঙ্গদেশে বিদ্যাপতি নামক এক ব্যক্তি বঙ্গভাষায় অনেক-গুলি পদ রচনা করিয়াছিলেন। তাহার মধ্যে কয়েকটা এখনও বঙ্গদেশে বর্ত্তমান আছে। সেই সকল পদাবলীর রচনা প্রণালী দৃষ্টে অতি প্রাক্তন বলিয়া অনুমান হয়, এবং তাহাতে হিন্দী শব্দের আধিক্য প্রযুক্ত বোধ হয় যে, পূর্বের অমাদেশে हिम्मी जाता প्रवासिक हिम्मी वर वह हिम्मी-ভাষা যে মগধের অপত্রংশে উৎপত্তি হইরাছে, তাহার প্রমাণ চীনদেশীয় ভ্রমণকারী ফাহিয়া-নের গ্রন্থে পাওয়া যায়। তিনি লিখিয়াছেন যোড়শ শত বৎসর পূর্বের এদেশে কেবল সংস্কৃত ও মাগধীভাষা প্রচলিত ছিল। পূর্ব্বেই উক্ত হই-য়াছে মাগধী সংক্ষতের অপত্রংশিত ভাষা। हिन्ही देहा इट्रेंट छे९ शत्न इट्रेग़ाइ जाहां उ প্রতিপন্ন করাগেল। এবং (বিদ্যাপতি ও চণ্ডিদান প্রভৃতি প্রাচীন লেখকদিগের রচনা পাঠে অব-গত হওয়া যায় যে হিন্দীরই অপত্রংশে বাঙ্গালা ভাষার উৎপত্তি হইয়াছে 🖞

#### (প্রাচীন রচনা ও গ্রন্থকর্তাগণ।)

উৎপত্তি বিবরণ এক প্রকার কথিত হইল, এক্ষণে প্রাচীন রচনা ও গ্রস্থকারদিগের বিষয় আলোচনায় প্রবৃত্ত হওয়া যাইতেছে।

পূর্বেই উক্ত হইয়াছে যে বিদ্যাপতি, রাজা শিবসিংহ নারায়ণের সমকালে আবিভূতিহন রাজা শিবসিং হ নারায়ণ চৈতন্য দেবের প্রায় এক শত বংসর পূর্বের বাঙ্গালার অন্তঃপাতি পঞ্চ-গোড় নামক স্থানে রাজত্ব করিরা গিরাছেন। এই স্থানটী কোথায়, তাহা জ্ঞাত হইবার উপায় नाई, किन्छ इंश य वज्रातरभंत অন্তর্গত তদ্বিয়ে मत्म्दर्त कान कार्य मुखे रश ना। टिव्वनारम्य প্রতীয় ১৪৮৪ অবে জন্ম গ্রহণ করেন, সুতরাং বিদ্যাপতি এক্ষণ (১৮৭০ শ্বঃ অঃ) প্রায় ৪৮৬ বংসর হইল বঙ্গদেশে (১৩৮৪ খ্রঃ অঃ) বিদ্য-মান ছিলেন। ইহাঁর রচনাবলি পাঠ করিয়া জ্ঞাত হওয়া যায় যে ইনি একজন বৈষ্ণব-ধৰ্মা-বলমী। বিদ্যাপতির রচনায় রূপনারায়ণ

প্রভৃতি আরও কয়েকটা ব্যক্তির নামে ভণিতা দৃষ্ট হয়। বাধ হয় তাঁহারা বন্ধীয় আদি কবির প্রিতম বন্ধু ছিলেন\*। বিদ্যাপতির পূর্ববর্ত্তী বাঙ্গালা রচয়িতা এপর্যান্ত আমাদিগের নয়ন-পথের পথিক হয় নাই, স্মৃতরাং বিদ্যাপতিকেই প্রথম বাঙ্গালি রচয়িতা বলিয়া আখ্যাত করা গেল। সাধারণের গোচরার্থ বিদ্যাপতি-লিখিত কয়েকটা পদ এস্থলে উদ্ধৃত হইয়াছে:—

"এ ধনি কর অবধান। তো বিনে উনমত কান॥
কারেণ বিশুক্ষণে হাস। কি কহয়ে গদ গদ ভাষ॥
আকুল অতি উতরোল। হা ধিক্ হা ধিক্ বোল॥
কাঁপেয়ে তুরবল দেহ। ধরই না পারই কেহ।
বিদ্যাপতি কহ ভাষি। রূপনারায়ণ সাধি॥")

(প্রহেলিকা।)

পৰিধু কোলে করি, বামন কিরয়ে,
দেখয়ে জনন জাঁথে।
বোয়ায় বলিছে, বধিরে শুনিছে,
বন্ধার তনয় কালে।

পাन अर्घा निया, श्राप्त माँड्राह्या, আছয়ে পিতার পিতা। রেল পলাইয়া, ভয়ে ভঙ্গ দিয়া, ক্ষরিঞা ভবিষা কথা।। কহ বিদ্যাপতি, পিতা না জনমিতে, পুলের প্রতাপ এত। না জানি ইছার, পিতা জন্মিলে, প্রতাপ বাঢ়িত কত॥ (বিদ্যাপতির সময়েই চণ্ডিদাসের কবিত্বশক্তি জ্যোতি বঙ্গভূমে প্ৰতিভাতিত হইয়া**ছিল।** না-নুর প্রামে তিনি বাস করিতেন, এই প্রাম জেলা বীরভূমি সংক্রান্ত সব ডিবিজন সাকুলী-পুরের পূর্বাদিকে অব্যবহিত নৈকট্যে অবস্থিত। তিনি জাতিতে ব্ৰাহ্মণ ছিলেন \*। " বড়ু '' ভাঁহার উপাধি ছিল†। নানুরগ্রামে 'ধাশুলি"

<sup>\*</sup> নর্থবি দাসের ভাণিতায় এইনপ দুই হয়:—

'' ভয় ভয় চণ্ডিদাস দয়াময় মণ্ডিত সকল গুনে।
অনুপম বঁরে যশ রুসায়ন গাওত জগত জনে।
বিপ্রকুলে ভূপ ভূবনে পুঞ্জিত অতুল আনন্দ দাতা।

গাঁর কমু মন রঞ্জন নাজানি কি দিয়া করিল ধাতা;

† চণ্ডিদাস নিঞ্চ কবিতায় এইনপ সিথিয়াছেন:—

"ধৈরত নাছিক ভায়। বসুচ্গুদাস গায়॥"

অধাং বিশালাক্ষী নামে এক প্রস্তরময়ী দেবীমূর্ত্তি खनाविव वर्डमाना चार्छनः। तमरे तम्बी हि**छ-**দাসের প্রথম ইন্ট দেবতা ছিলেন। পরে তিনি বৈষ্ণৰ ধর্ম অবলম্বন করিলে নামুর প্রাম নিবা-দিনী রামী নামী এক রজককন্যা ভাঁহার উপন বিকা হয়। কথিত আছে, বিশালাকী স্বয়ং তাঁহাকে ক্লফোপাসনা করিতে উপদেশ श्रमान करतन, ववर उज्जनारे हिएमान क्रास्था-পাসনা কালে যে সকল সংকীর্ত্তন ব্যবহার कितिएक, उत्पार्था विभागा की एक डेशएम किवी বলিয়া স্বীকার করিয়াছেন†। তিনি রুঞ্জীলা विविविशे चानक श्रमावली ७ "भीवाया शाविक কেলীবিলাসণ নামাধ্য় একথানি গ্রন্থ প্রথমন

 <sup>\*</sup> এই দেবভার প্রতিম্তি শিবোপরি চতুর্ভাকতি এক খণ্ড
 থোদিত প্রস্তর।

<sup>† &</sup>quot;কছে চণ্ডিদানে, বাগুলি আদেশে, হেরিয়া নখের কোলে। জনম সফলে, যমুনার কুলে, মিলায়াল কোনজনে।"

করিয়াছিলেন\*। তাঁহার রচনার কয়েক পংক্তি নিম্নে প্রকটিত হইল ঃ---

"দে যে নাগর গুণধান। জাপরে তাঁহারি নাম।।
শুনিতে ভাহার বাত। পুলকে ভারে গাত।।
অবনত করি শির। লোচনে বারয়ে নীর।।
বদিবা পুছরে বানী। উলাট কর্য়ে পানি॥
কজিয়ে ভাহারি রীতে। আন না ব্ঝিব চিতে॥
ধৈরজ নাহিক ভার। বড়ু চণ্ডিদাস গায়॥"

সুবিখ্যাত উইলসন সাহেব ক্বত উপাসকসম্প্রদায় নামক ইরাজি পুস্তক ও বিদ্যাপতির
কবিতা পাঠ করিয়া অবগতি হয়, যে গোবিন্দ
দাস কবি, বিদ্যাপতি ও চ.গুদাসের সমকালবত্তী লোক। বিশেষত গোবিন্দ দাসের রচনা
মধ্যে একস্থলে লিখিত আছে—

'' বিদ্যাপতি পান মুগাল সরোক্ত নিদানিত মকরদে। ভচুমন্ মানস মাতেল মধুকর পিবইতে কুরু অনুনদে।।''

**बर्ड कविजा शार्टि ज्या काना याहर उरह रग,** গোবিক দাস, বিদ্যাপতি ও চঞী বড়ুর পূর্ব-বতী লোক নহেন। এবং তিনি যদি পূর্ব্বোক্ত কবিদ্বয়ের অধিক পরবত্তী লোক হইতেন, তাহা হইলে, বিদ্যাপ্তির ভণিতার তাঁহার নাম প্রকাশিত থাকিত না। ভক্তমাল প্রন্থে ই হাকে গোবিন্দ কবিরাজ বলিয়া লিখিত আছে। ঐ পুস্তক পাঠে জ্ঞাত হওরা যায় যে, গোবিন্দদাস करिताक तुथुती धाम निवामी तामहन्त्र कविता-**জে**র ভ্রাতা এবং শ্রীনিবাস আচার্য্যের শিষ্য ছিলেন। ইঁহার প্রণীত কবিতা সকলও নিতান্ত কবিবশ্ন্য ছিল না। নিমে কয়েক পংক্তি প্রদত্ত হইল ঃ—

"জনু বাঙ্ন করে ধরে সুধাকর পাস্কুচ্চর গারি নিখরে। অন্ধাই কিয়ে দশদিশে খোজন মিলন কলপতক নিকরে। শোনহ অন্ধ করত অনুবন্ধস্থ ভকত নধর মণি ইন্সু। কিরণ ঘটায় উদিত ভেল দশ দিশ হাম কি নাপায়ন নিন্দু। গোট নিন্দু হাম বৈধানে পায়ন তৈথানে উদিত ন্যান। গোনিক দাস অভয়ে অবধারল ভকত কৃপা বলবান॥"

কবিবর গোবিন্দ দাদের পরে, বোধ হয়, ১৫২৯ খ্ঃ অব্দে প্রবল প্রতাপায়িত মোগলরাজ্য সংস্থাপনকর্তা বাবর শাহের সময়ে জীব গো-স্বামী নামা এক ব্যক্তি 'কেরচাই' গ্রন্থ গ্রন্থ করেন। এই পুস্তকের বয়স প্রায় ৩৪০ বংসর। অনেকে কহিতেন ' ত্রিপুরার রাজা -বলি" নামক গ্রন্থ অতিপ্রাচীন, কিন্তু সেই পুস্তক "এদিয়াটিক সোদাইটী" নামূী সভার দারা পরীক্ষিত হওয়াতে সে ভ্রম দূর হইয়াছে। कोव शास्त्राभीत शत, नत्रहतिनाम, तृन्नावन দাস, শেখর রায়, সনাতন, বৈষ্ণব দাস প্রভৃতি ष्यानक्छनि वः क्वित श्राञ्चाव र्हेता हिन। ভাঁহারা প্রায় সকলেই চৈতন্যোপাসক ছিলেন। উক্ত ধর্ম-সম্বনীয় অনেক সংকীর্ত্তনাদি রচনা করত আপন আপন কীর্ত্তি সংস্থাপিত করিয়া-ছেন। তাঁহারা সকলেই চৈতন্যের পরবন্তী लोक। अहे मकल मटहानग्र निरुप्त मर्था बन्ता-বন দাস কতে চৈতন্যভাগ্ৰত নামক একখানি প্রস্থান।দিগের নয়ন-মুকুরে প্রতিবিধিত হয়।

সাধারণের দর্শনার্ধ এ স্থলে সেই পুস্তকের কয়েক পংক্তি উদ্বৃত হইল।:—

> ' ভাতত্ব স্থৈত বৈষ্ণৱ অগ্ৰাণা। নিবিল ব্রহ্মাণ্ডে যার ভক্তিযোগ ধর্ম। এইমত অফৈত বৈদেন নদিরায়। ভক্তি যোগশূন্য লোক দেখি ছু:খ পায় ৷৷ সকল সংসার মত্ত ব্যবহার বশো। रुक शृका कुछ ভ कि कारता नाहे तारम। বাশুলি পুজুয়ে কেচ নানা উপছারে। মদ্য মাংস দিঞাকেছ যক্ষ পূজাকরে ॥ পুনর পি নৃতা গীত বাদা কোলাংল। না শুনে কুম্থের নাম পার্ম মজল। ক্ষ খুন্য মঙ্গলে নাহি আবে সুথ। বিশেষ অবৈত বড় পান মহা তথ। স্বভাবে অইন্ত বড় সারল্য হৃদর। জীবের উ**দ্ধা**র চিত্তে**ন হ**ইয়া সদর ।।"

এ স্থলে একটা কথা নিতান্ত অপ্রামাণিক नटह रह , रेठ जनारिक ठारतत व्यव ठतरात शहत है, ই চৈতন্য ধর্মাবলয়ী ব্যক্তিগণ দারা বঙ্গভাষার বিশেষ উন্নতি হইয়াছে। কারণ চৈতন্যপদ, হৈচন্যভাগৰত, হৈচন্যসঙ্গল, ভক্তমাল, হৈচন্য-

চরিতাহত প্রভৃতি যে সকল প্রাচীন গ্রন্থ আমা-নিগের নান-মুকুরে প্রতিবিধিত হইতেছে, তাহার অধিকাংশই উক্ত সাম্প্রধায়িক ব্যক্তিগণ দারা রচিত বলিয়া স্পাট প্রতীয়মান হয়। যাহা হউক, इन्नावन नामानित পत ১৫७८ थृः चरक अना-च्रथ प्रश्विक नगाउँ आकरत्वत नगरश क्रथनान ক্রিরাজ নামক এক ব্যক্তি বর্ত্তমান ছিলেন। তিনি ' চৈতন্যচরিতাস্ত্র নামক প্রন্থের রচয়িতা। এই গ্রন্থেড খানি সংস্কৃত গ্রন্থাদ্ভ শ্লোকা-বলি ও অন্যান্য উপপুরাণ সমূহের অনেক বচন ও কবি তাদি দেখা যায়। এই পুস্তকে চৈতন্য নেবের আদি, মধ্য, ও অন্তলীলা স্বিস্তু তরূপে বর্ণিত হইরাছে। গ্রন্থকার নিজেই স্বীকার করি-য়াছেন বে, তিনি গৌরাঙ্গ-সহচর রঘুনাথ দাসের শিব্য ছিলেন। কুঞ্লাস কবিরাঙ্গ-রচিত আর একখানি গ্রন্থ এখনও বর্ত্তমান আহে। তাহার নান "ভক্তমাল"। ভক্তম'লে প্রায় ৪১ খানি সংক্ত গ্রন্থে লোক দৃউ হর; এতদ্ভিন **ष्ट्रानकारनक शूदानानिद्रं नारम: एत्रं षारह।** 

এই গ্রন্থে নাভান্ধীর নামক পুস্তকের আভাস লইরা, সতা, ত্রেতা, দ্বাপর ও কলি, যুগচতুষ্টয়ে প্রাহুভূ ত বিষ্ণুভক্তদিগের জীবন-চরিত পরি-কীর্ত্তিত হইরাছে। ভক্তমাল রুঞ্জদাসের রুদ্ধা-বস্থার রচনা। নিম্নে চৈতন্য-চরিতাপতের একটী অংশ উদ্ধৃত হইল। এই রচনায় পূর্ব্ববর্তী রচনাবলি অপেক্ষা অপে হিন্দী শব্দের ব্যবহার দেখা যায়।

'ফাদিলীলা মধালীলা অন্তলীলা সার।

এবে মধালীলা কিছু করিয়ে বিস্তার ॥

অন্তাদশ বর্ষ কেবল নীলাচলে স্কৃতি।

আপেনি আচরি জীবে শিক্ষাইল ভক্তি।

তার মধ্যে ছয় বংসর ভক্তগণ সঙ্গে।
প্রেম ভক্তি প্রবর্তাইল মৃত্যগভ রঙ্গে॥

নিত্যানন্দ গোসাঞিরে পাঠাইল গৌড়দেশে।

তিইো গৌড়দেশে ভাসাইল প্রেমরসে।

সহজেই নিত্যানন্দ কৃষ্ণ প্রেমেদাম।
প্রেডু আজ্রোয় কৈল যাহা তাঁহা প্রেমদান।

তাঁহার চরণে মোর কোটি নমন্ধার।

চৈতন্যের প্রিয় যিহোঁ লওয়াইল সংসার॥

হৈতন্য গোসাঞি যারে বলে বড় ভাই। ভিতেঁ। কহে যোর প্রভু চৈতন্য গোসাঞি॥"

চৈতন্য-চরিভাহত রচনার পর কুত্তিবাদের রামায়ণ প্রচারিত হয়। প্রকৃত গুণ ধরিয়া বিবে-চনা করিলে ক্রু ভিবাস বঙ্গদেশের প্রথম কবি। ভাঁহার পূর্ববর্ত্তী কবিগণ নানা ভাব-পরিপূরিত স্থার্ম প্রায় কেছ্ই রচনা করিয়া যান নাই। রামায়ণ পাঠে অবগ্তিহয় যে, কুত্তিবাস নদীয়া জেলার অন্তঃপাতি শান্তিপুরের সন্নিকটে কুলিয়া প্রামে বাদ করিতেন\*। তাঁহার ভান্ধণ কুলে জ্বা †। তিনি কিন্ধিন্ধ্যাকাণ্ডের এক স্থলে 'ফুত্তিবাস পণ্ডিত মুরারি ওঝার নাতি" বলিয়া আত্ম পরিচয় দিয়াছেন। ক্রুতিবাস কোন সময়ে জমাগ্রহণ করিয়াছেন, তাহাজ্ঞাত হইবার উপায় नाह। किन्न क्रक्षनाम कविताख-ति ठिठना-

<sup>🔻 &</sup>quot; ফুলিয়ার ক্রিৰাণ গায় প্রবাভাও।

রাবণেরে **মঞাইতে** বিধাতার কাণ্ড।"

রামায়ন, তারণ্যকাও।

<sup>† &#</sup>x27;'রামদর৺নে মুনি, যান অংগ বিসি। রচিল অর্ণঃকাণ্ড বিঞাকৃতিবাস ¤"

রামায়ন, অরন্যকাণ্ড।

চরিতাপতের পরবর্তী লোক ছিলেন, তাহার অনেক প্রমাণ পাওয়া যায়। **অনেকে অসুমান** করেন, প্রায় ৩০০ শত বৎসর হইল, তিনি এ দেশে বিদ্যমান ছিলেন । এটা সত্য হইলে অনায়াসেই বলা যাইতে পারে যে ক্তিবাস, স্মুটি অ'কবরের সময়ে বর্ত্তমান ছিলেন। কৃত্তি-বাদের রামারণ একণে অত্যত্ত হুস্থাপ্য হই-য়াছে। উহা ১৮০২ খৃঃ অবেদ মিশনরিদিগের দার। **ঞারামপুরে প্রথম মুদ্রিত হ**ইয়াহিল। বর্ত্তমান সময়ে কলিকাতা বটতলায় যক্ত্রিত যে রামা-য়ণ কুল্ডিবাদের বলিয়া বিক্রীত হয়, উহা ৮ জ্বয়-গোপাল তর্কালস্কার মহাশয় দ্বারা সংশোধিত ও পরিবর্ত্তিত হইয়াছে। ক্রতিবাদের অব্যবহিত পরে বা তথ সমকালেই কবিকঙ্কণ মুকুন্দরান চক্ৰৱৰ্তীর কৰিত্ব যশোপ্ৰভা প্ৰকাশিত হয়। হিনি বাদশাই জাঁহাগীরের সমরে বর্ত্তনান ছিলেন। বর্দ্ধমানের অন্তর্কত্তী দামুন্যা-প্রামে ভাঁহার

<sup>\*</sup> আত্মানিক ১৫৬০ খৃংজনে কৃতিবাস শবিত ছিলেন। ইহাতে বোধ ছইছেছে, তিনি কৃষ্দাস ক্ৰিরাজের সম্কালবর্তী লোক।

উর্দ্ধতন সপ্ত পুরুষের বাসস্থান ছিল 🛊 ৷ মুকুন্দ-রামের পিতার নাম হৃদয়মিশ্র, ও পিতামহের নাম জগরাথ মিশ্র। এ ছলে অনেকে জিজ্ঞানা করিতে পারেন যে, চক্রবত্তী কবির পিতৃ-পিতামহাদির মিশ্র উপাধি হইবার কারণ কি ? কিন্তু চিন্তা করিয়া দেখিলে জানিতে পারি-বেন যে, কবিবরের মিশ্রই প্রক্লত উপাধি ও চক্রবন্তী ডাক উপাধি মাত্র। তাঁহার গ্রন্থোং-পত্তি বিবরণ পাঠে অবগতি হয় যে, কবিবর জীবদ্দশায় অনেক কট সহ্য করিয়াছিলেন। কথিত আছে, শঙ্করমোহিনী চণ্ডী স্বপ্নযোগে उाँशदक शना त्रवनार्थ जात्मम करतन, किन्छ म বিষয় কত দূর সত্য, তাহা আমরা অবগত নহি। যাহা হউক,তিনি নানা স্থান পর্যাটন ও ছুঃখ-বাত্যা সহ্য ক্রত পরিশেযে বাঁকুড়ার পূর্বাধিকারী আড়রা নামক স্থানের রাজা রঘুনাথ রায়ের নিকট

<sup>\* &</sup>quot;সহর শিলিমাবাজ,

ভাহাতে সুজন রাজ,

নিবসে নিয়োগী গোপীনাথ। ভাহার তালুকে বসি, দামুন্যায় করি কবি, নিবাস পুরুষ ছয় সাত ॥"

আপনার হুংখ ও স্বপ্রতান্ত বর্ণনামন্তর নিজ রচিত কবিতা পাঠ করেন। রাজা রচনা শ্রবণে পরিতুট হইয়া রচয়িতার ভরণপোষণ জন্য দৃশ আড়া ধান্য প্রদান করিয়াছিলেন। এবং নিজ পুত্রের শিক্ষাগুরু-পদে অভিবিক্ত করেন। এইরূপে কবিবর চ্রবস্থা হইতে নি-ফুতি লাভ করিয়া **সুথে কালাতিপাত করিতে** লাগিলেন। তংপরে তিনি রাজার আজ্ঞায় উৎসাহিত হইয়া "চণ্ডী" কাৰ্য রচনায় প্রবৃত হন। এই গ্রন্থ প্রায় ২৬০ বা ২৭০ বংসর হইল রচিত হইয়াছে। ইহাতে রামায়ণ অপেকা অধিক কবিত্ব শক্তি দুট হয়। সুকুন্দ-রাম নিজে দরিদ্র ছিলেন, স্মতরাৎ ভাঁহার রচনা মধ্যে হঃথীগণের ক্লেশ বর্ণনায় অধিক ক্ষমতা প্রকাশ পাইয়াছে। স্বতাব বর্ণনায়ও তিনি কুতিবাদ অপেকা নিকুষ্ট ছিলেন না। বঙ্গীয় कविशासिक कोवनी लिथक महामः अन है शास्त्र প্রথম প্রহেলিকা রচরিত। বলিয়া নির্দেশ করি-য়.ছেন। কিন্তু আদি কবি বিদ্যাপতির রচনাতেও প্রহেলিকা দেখা যায়, অতএব আমরা চক্রবত্তী কবিকে উপরোক্ত প্রশংসা প্রদান করিতে কুঠিত হই।

ঢণ্ডীর পর **'**কোলিকামঙ্গল' নামক গ্রন্থ রচিত হয়। প্রাণরাম চক্রবর্তী ইহার প্রণেতা। এব্যক্তিকে ? কোথায় জন্ম ? তাহা অবগত হইবার কিছু মাত্র উপার নাই। কালিকামঙ্গলে বিদ্যাস্থলরের উপাথ্যান বর্ণিত হইরাছে। বিদ্যাস্থন্দর গ্রন্থ কোন বঙ্গীর কবির মনঃকণিপাত নহে। রাজা বিক্রমাদিত্যের এফজন সভা-সদ্বরফ়চি-বিরচিত সংক্ত গ্রের ভাব গ্রহণ করিয়া প্রাণরাম চক্রবতী প্রথমতঃ উহা রচনা করেন। তথপরে পুনরায় প্রথমোক্ত গ্রন্থ হইতে বিখ্যাত রামপ্রসাদ দেন বিদ্যা-স্থুন্দর লিখেন। মূলের সহিত এই ছুই প্রন্থের অনেক সাদৃশ্য আছে। পরিশেবে উক্ত প্রসাদী বিষয় অবলয়ন করিয়া বঙ্গকবিকুল-শে-খর ভারতচন্দ্র রার বর্ত্তমান প্রচলিত বিদ্যাস্থলর রচনা করেন। কিন্তু তিনি সূলের প্রতি বড় চৃটি রাথেন নাই। তিনি যে ধুয়া প্রণালী অবলয়ন করিয়া কাব্য প্রণয়ন করিয়া গিয়াছেন, উহা প্রথমতঃ প্রাণরামচক্রবন্তী কর্তৃক উন্তাবিত হইয়াছে। কালিকামঙ্গলের পর কাশীরামদাসের মহাভারত প্রচারিত হয়। এই গ্রন্থ প্রায় হইশত বংসর হইল রচিত হইয়াছে। গ্রন্থকর্তা বঙ্গ-ভূমে কাশীদাস নামে বিখ্যাত, কিন্তু ভণিতা দ্বারা জ্ঞাত হওয়া যায় যে, তাঁহার প্রক্রত উপাধি দেব। এই বাক্যের সত্যতা প্রমাণার্থ মহাভারত হইতে হুইটা পংক্তি উদ্ধৃত হইল। যথাঃ—

" চন্দ্রচ্ডপদঃর করিয়া ভাবনা, কাশীরাম দেবে করে প্রার রচনা।"

যদি তাঁহার "দেব " উপাধি না হইত, তাহা হইলে কখনই নামের পরে ঐ পদবীটা সংলগ্ন করিতে পারিতেন না। তাঁহার রচনা-পাঠে অবগতি হইতেছে যে, তিনি ইন্দ্রাণীনামী স্থানের অন্তর্কভী সিদ্ধগ্রামে বস্তি করিতেন।
ইক্রাণী ভগলী জেলার মধ্যন্থিত। তাঁহার পিতার

নাম কমলাকান্ত দেব ও পিতামহের নাম সুধাকর দেব। কাশীরাম দেব একজন পরম কুঞ্চতত ছিলেন এবং অনেকে অনুমান করেন যে, ক্লঞ প্রীত্যর্থই মহাভারত রচিত হইয়াছিল। গ্রন্থকর্ত্তা নিজ কবিত্বশক্তি প্রকাশ বা যশোকীর্ত্তি স্থাপনার্থ ইহার প্রণয়নে রত হন নাই। বস্তুতঃ মহাভার-তের রচয়িত৷ ক্লুত্তিবাসের ন্যায় 'আমি পণ্ডিত' 'আমি ক্ৰিণ ইত্যাদি গৰ্ব্বব্যঞ্জক শব্দ কলাপ লিখিয়া ভদ্র জনোচিত কার্য্যের বৈপরীত্য দর্শান নাই। ভাঁহার রচিত ভারতের প্রত্যেক স্থানে নম্তাবাঞ্জক বর্ণসমূহ লক্ষিত হয়। দেব ক্ৰির इन्म अनः नी भूर्सवजी कविश्व वारभक्ता विश्व । কিন্তু কবিত্বগুণে মুকুন্দরাম চক্রবন্তী তাঁহার অপেক্ষা উৎকৃষ্ট ছিলেন। একটা জন-প্রবাদ যে, কাশীরাম দেব ভারত লিখিতে আরম্ভ ক. রিয়। বিরাটপর্ব্ব শেষ ক্রিতে না ক্রিতেই জীব÷ লীলা সম্বরণ করেন। হৃত্যুকালে আরক্তারতের অবণিউাংশ রচনার ভার নিজ জমোগার প্রতি অপণ করিয়া যান। কতকগুলি লোক এই বিব-

রণের প্রতিবাদী। কিন্তু উভয় দলই নিজ নিজ পক্ষসমর্থন জন্য অনেক প্রমাণ দিয়া থাকেন। ছুঃখের বিষয় যে,ভাঁহাদিগের কোন্ সম্পাদায়ের কথা সত্য, তাহা জানিবার উপায় নাই। যে মহাত্মার লেখনী সহস্রাধিক পত্রাঙ্কবিশিষ্ট এক মহা কাব্য রচনা করিয়া বঙ্গ-সাহিত্য সমাজের এত এরিদ্ধি সাধন করিয়াছেন; যে মহাজন সং-ক্তানভিজ্ঞ ভারতাহতপিপাসী বাঙ্গালিগণের ঔৎস্ক্র্য-পিপাসা দূর করিয়াছেন; যে পণ্ডিত-বরের কাব্য অবলম্বন করিয়া সহস্র সহস্র গায়ক ও মৃদ্রাঙ্কণকারীগণ বহুল ধন অর্জ্জন করিয়া নিজ নিজ পরিবারের ভরণপোষণ করিতেছে, পরি-তাপের বিষয়় দেই মহদ্যক্তির প্রকৃত জীবনী আমাদিগের অবগত হইবার উপায় নাই। কাশীদাসী মহাভারত এক্ষণে হৃষ্প্রাপ্য নহে, সুতরাং তাহা হইতে এন্থলে কোন বিষয় গৃহীত হইল না, কিন্তু তাহাতেও রামায়ণের ন্যায় অনেক স্থান পরিবর্ত্তিত ও সংযোজিত হইয়াছে।

তাহার পর কবিরঞ্জন রামপ্রসাদ সেনের প্রাত্নভাব হয়। রামপ্রসাদ সেন কবিরঞ্জন বিদ্যাস্থন্দর ও কালীসংকীর্ত্তনের নিমিত্ত বঙ্গভূমে অকয় কীর্ত্তি লাভ করিয়া যান। তিনি আসুমানিক ১৬৪৪ বা ১৬৪৫ শকে (১৭২২ বা ১৭২৩ খৃঃ অঃ) রামরাম দেনের ঔরদে জন্ম গ্রহণ করেন। তাঁহার নিজের বর্ণনায় অবগতি হয় যে, তিনি একজন অতি সন্ত্ৰান্ত প্ৰাচীন বংশ-জাত। কালক্রমে ঐ বংশের ঐশ্র্যাবিলুপ্ত হইয়া যায়, তথাপি রামপ্রদাদের পিতা নিতান্ত নিঃম্ব ছিলেন না। তিনি তাঁহার সন্তানদিগকে বিদ্যালোকে আলোকিত করিতে অকাতরে অর্থ ব্যয় করিয়াছিলেন, কারণ অনুমিত হইয়াছে, রামপ্রসাদ দেন সংস্কৃত, বান্ধালা, ও হিন্দী অতি উত্তমরূপ জানিতেন, এবং তদীয় ভ্রাতৃ-বর্গও নিতান্ত অজ্ঞ ছিলেন না। যাহা হউক,রাম-প্রসাদের প্রথমাবস্থা অত্যন্ত হীন ছিল। তিনি নিজ মাতৃভূমি হালিসহরের অন্তবত্তী কুমার-হট্ট গ্রাম পরিত্যাগ করিয়া কলিকাতার কোন সদ্রান্ত ব্যক্তির সন্নিধানে মুল্রীর পদে নিযুক্ত হন।
কিছু দিন পরে তথ প্রভু ভাঁহার রচনা ও বিষয়বিরাগতা দর্শনে প্রীত হইয়া তাঁহাকে নিশ্চিন্ত
মনে ইউদেবতার ধ্যানও কবিত্ব যশঃপ্রভা বিকীণ
করিবার জন্য মাসিক ত্রিং শথ মুদ্রা রন্তি নির্দ্ধারিত করিয়া দেন। কবিবরও প্রভুর এইরূপ
অমারিকভাবে অনুগৃহীত হইয়া নিজ জন্মস্থান
কুনারহট্টে প্রস্থান করিলেন। তথার বৈষ্য়িক
ব্যাপার হইতে বিরত হইয়া সংকীর্ভনাদি রচনায়
নিযুক্ত থাকিতেন।

রাজা ক্ষচন্দ্র সেই সময়ে বর্ত্তমান ছিলেন।
তাঁহার বায়ু সেবনার্থ কথন কথন কুমারহটে
শুভাগমন হইত। এক দিবস তিনি গুণবন্ধ
রামপ্রসাদ সেনের বিষয় অবগত হইয়া তাঁহাকে
নিজ সল্লিধানে আহ্বান করেন। রামপ্রসাদ
কাব্যপ্রিয় নরপতিকে স্বর্তিত কবিতা পাঠ ও
স্মধুর সংগীত দ্বারা পরিতৃ্টকরত 'ক্বিরঞ্জন'
উপাধির সহিত উপযুক্তরপ পুরক্ষৃত হন।
রামপ্রসাদ্র ক্ষুজ্তার চিত্রস্বরূপ বিদ্যাহনদ-

রের উপাখ্যান গ্রহণ করিরা " কবিরঞ্জন " নামধেয় একখানি অভিনব কাব্য তাঁহাকে উপ-হার দিয়াছিলেন।

যাহা হউক,জীবনের শেষাং শ তিনি অফ্লি সুখে অতিবাহিত করিয়া ১৬৮০ বা ১৬৮৪ শকে (১৭৫৮ বা ১৭৬২ খ্বঃ অঃ) ভবলীলা সম্বরণ कत्तन। ठिनि कि निक धर्मावनशे हितन, ठब्बना কিঞ্চিৎ কিঞ্চিৎ সুরাপান করাও অভ্যাস ছিল। ভবমগুলের কি বিচিত্র গতি৷ এমন কোন জাতি দুট হয় না, যাহাদিগের কবিগণ (ছুই এক জন ভিন্ন) দরিদ্র নহেন। ইতিরত্ত পাঠে অব -গতি হয়, কবি-শুরু বাল্যীকির অবস্থা অত্যন্ত হীন ছিল; পারসিকদিগের মহাকবি হাফেজও লক্ষীর প্রিয়পুত্র ছিলেন না; ইউরোপীয় মহা-কবিকুল-নায়ক সেক্সপিয়র, বায়রণ প্রভৃতিরও অবস্থা প্রথমে উন্নত ছিল না, কিন্তু কি আশ্চ-র্যোর বিষয়! ভাঁহারা বিলাসপ্রিয় ব্যক্তিগণ কর্ত্তক অপদস্থ ও ঘূণিত হইয়াও,—প্রথমে সাধা-রণের নিকট অজ্ঞাত থাকিয়াও নিজ বিজ স্বাধীন

লেখনীর প্রভাবে পরে যে অক্ষয় খ্যাতি লাভ করিয়া গিয়াছেন, সহত্র সহত্র অথ' ও লোক-বল সহায়সভূত বিলাস ডব্য দারা নশ্বর ইন্দ্রি সকল চরিতার্থ করিয়াও ধনিগণ সেই অবিনশ্বর খ্যাতির শতাংশের একাংশেরও ্ অধিকারী হইবার উপযুক্ত নহেন। কবিরঞ্নের সমকালে আজু গোদাঞী নামক এক ব্যক্তি বর্ত্তমান ছিলেন। তাঁহার জীবনী অত্যন্ত অপ-রিজ্ঞেয়। অনেকে অনুমান দ্বারা স্থির করিয়া-ছেন যে, কুমারহট্টের নিকটেই ভাঁহার বাসস্থান ছিল। যথন কাব্যপ্রিয় রাজা রুঞ্চন্দ্র 👌 স্থানে বায়ুদেবনার্থ গমন করিতেন, কথিত হ্ইয়াছে, কবিরঞ্জন রামপ্রসাদ সেন তথন রাজ সমীপে থাকিতেন। এই সময়ে আজু গোসাঞীও রামপ্রদাদের কবিতা দারা উত্তর প্রত্যুত্তর হইত। রামপ্রসাদ যে কোন বিষয় রচনা করিতেন, আজু গোসাঞী দ্বারাতৎক্ষণাৎ একটা তাহার উত্তর প্রস্তুত হইত। তাঁহার ক্রত রচনার বিশেষ ক্ষমতা ছিল, পরিহাপের বিষয় এই যে, তৎ- প্রণীত কোন কাব্য-কুসুম আমাদিগের নয়নগোচর হয় না। এ স্থলে তাঁহার রচনা-শক্তির
কিঞ্চিং পরিচয় দেওয়া যাইতেছে। একদা
কবিরঞ্জন দারা এইরূপ গীতহইয়াছিল। যথাঃ—

"শামা মা ভাব-সাগরে ডোবনারে মন । কেন আরু বেডাও ভেসে——"

আজু গোদাঞী তৎক্ষণাৎ উত্তর দিয়াছি-লেন। যথাঃ—

> " একে তোমার কোফো নাড়ী, ডুব দিও না বাড়ানাড়ি, হলে পরে জ্বর জ্বাড়ি, বেতে হবে যমের বাড়ী।"

ক্রিরঞ্জন একদিন এইরূপ ক্রিষ্টিলেন, যথাঃ—

" কর্মের ঘাট, তেলের কাট, আবর পাগলের ছাট, মলেও যায় না।"

আজু গোদাঞী কর্তৃক এইরূপ উত্তর প্রদত্ত হইয়াছিল। যথা:—

'কর্মডোর, অভাব-চোর, আরু মদের ঘোর, মলেওযার না।''

এই সকল রচনা পাঠে অবগতি হয় যে, আজু গোদাঞী একজন অতি উপযুক্ত ও প্রকৃত ভাবুক ছিলেন। বঙ্গভূমির কি হুরদৃষ্ট! যাঁ-হারা স্বদেশের উন্নতির নিমিত্ত কত শত দিন নিরাহারে, কত শত যামিনী অনিদায় যাপন कतिया व्यानकारनक स्रुतीर्घ श्राप्त मकल तहना क-রত বঙ্গদাহিত্যসমাজকে পুষ্টাঙ্গ করিয়াছি-লেন ্ বাঁহারা বঙ্গসমাজের অগ্রগণ্য ব্যক্তি, ছঃ-থের বিবয়, সেই সকল মহাত্মাদিগের জীবন-রতান্ত অতিশয় অপরিজ্ঞেয়। অন্দেশে, অন্যান্য সভ্যজাতির ন্যায় নিজ নিজ জীবন-রতান্ত রাখিবার রীতি না থাকাতেই কেবল এইরূপ ঘটিয়াছে।

কবিরঞ্জন ও আজু গোসাঞীয়ের পর কত শত মাহাত্মা আবিভূত হইয়া নিজ নিজ রচনা-কুত্ম বিকাসিত করিবার প্রয়াস পাইয়াছিলেন, অনেকে সফলপ্রয়ত্ব ইইয়াও নিবিভারণ্য শোভা-কর প্রস্থানর ন্যায় সাধারণের অজ্ঞাতাবস্থাতেই অপবা কতকগুলি কাব্য-কানন-বাসি শ্ববির

চিত্ত-রঞ্জন হইয়াই মুদিত হইয়া গিয়াছে ! রামপ্রসাদ ও আবাজু গোসাঞীয়ের পরবতী রচয়িতাগণের বিষয় অনুসন্ধান করিলে বঙ্গ-কবি-কেশরী গুৰাকর ভারতচক্র রায় মহোদয় আমাদিগের স্মরণ-পথের পথিক হন। অত-এব তাঁহারই বিষয় সমালোচনায় প্রবৃত্ত হওয়া গেল। এন্থলে গুণাকর কবির পরিচয়-সুচক কয়েকটা কবিতা জাহার প্রণীত "সত্যনারায়-ণের কথা '' নামুী রচনা হইতে উদ্ধৃত হইল। यथा :---

সদ। ভাবে হত কংস, নরেন্দ্র রায়ের স্থত, ফুলের মূখুনী খা়াত, দ্বিজ পদে সুমতি ৷ (मरवत् कारम्स धाम, प्रवासम्भूतं साम, তাহে অধিকারী রাম, রামচন্দ্র মুনসী! ভারতে নরেন্দ্র রায়, দেশে যার যশগার, হয়ে মোরে কুপাদায়, পড়াইল পারসী "

''ভরদাজ অবতংশ, ভূপতি রায়ের বংশ, ভুরস্থটে বসতি। ভারত ভারতী যুক্ত

পূর্ব্বোক্ত রচনাংশ পাঠ করিয়া জ্ঞাত হওয়া যাইতেছে যে, গুণাকর ভারহচন্দ্রের পিতার

নাম নরেক্র নারায়ণ রায়। তিনি বর্দ্ধমান প্রদেশের অন্তর্বার্ত্তী ভুরস্থট পরগণ স্থিত পা-প্রুয়া গ্রামে অবস্থিতি করিতেন। জাতাংশে অতি উৎকৃষ্ট ছিলেন,একে ব্রাহ্মণ,তাহাতে আবার ফুলের মুখুটি। অর্থাংশেও বড় ন্যুন ছিলেন না। কারণ যে হুলে ভাঁহার বাসস্থান ছিল, অদ্যাপিও সেই ভূমিখণ্ড "পেঁড়োর গড়া নামে বি-খ্যাত; এবং সেই স্থানের ভগ্নাংশ সকল দর্শন করিয়া অনুমান হয়, কোন সম্পত্তিশালী ব্যক্তি তাহার অধিকারী ছিলেন। যাহা হউক, তিনি যে, সে সময়ের একজন বিখ্যাত ধনাঢ্য ছিলেন, তাহার সন্দেহ নাই। কিন্তু হুর্ভাগ্য বশতঃ কিছুকাল পরে বর্দ্ধমানাধিপের \* কোপা-নলে পতিত হইয়া, সমুদয় ঐশ্বর্যা নট করত অতি ক্লেশে সংসার যাত্রা নির্মাহ করিতেন। তাঁহার চারি পুত্র ছিল; চতুতু জ, অর্জুন, দয়া-রাম, এবং ভারতচন্দ্র ক্রমারয়ে জন্ম পরিগ্রহ করেন। যদিও ভারতচন্দ্রকে সর্বন-কমিষ্ঠ বলিয়া

<sup>🕈</sup> ঝীর্ভিচন্দ রায় এই সময়ে বর্দ্ধদানের রাজা ছিলেন।

বর্ণিত হইল যথার্থ, কিন্তু তিনি কি মহীয়দী শক্তি লইয়াই জন্ম পরিগ্রহ করিয়াছিলেন যে, তাহারই প্রভাবে, মহাজন-গণনীয়া তালিকা মধ্যে ডাঁহারই নাম তদীয় ভাতৃবর্গ ও পিতা অপেক্ষা অনেক উচ্চতর স্থানে নিবেশিত হই-য়াছে। এই মহাত্মা ১৬৩৪ শকে জন্মগ্রহণ করেন। যথন ই হার পিতা অসহনীয় হুরবস্থা-রূপ কারাগারে নিক্ষিপ্ত হয়েন, ভারতচন্দ্র সেই সময়ে পিতৃগৃহ হইতে পলায়ন করত মওলঘাট পরগণার মধ্যবর্তী নওয়াপাড়া গ্রামে (মাতুল ভবনে) বাস করিয়াছিলেন। উক্ত গ্রামের নিকটবর্ত্তী তাজপুর নামক স্থানই ভাঁহার বিদ্যা-শিকার প্রথম স্থান। এই গ্রামে তিনি চতুর্দ্দশ বংসর বয়স পর্যান্ত গুরুতর পরিশ্রম ও যতু সহকারে সংক্ষিপ্রসার ব্যাকরণ ও অভিধান নমাপন পূর্বক গৃহে প্রত্যাগত হন। এই সময়ে তাঙ্গপুরের নিকটবত্তী শারদা গ্রামে তাঁহার বিবাহ ইয়। এই বিবাহে কবি-বরের ভাতৃগণ সম্ভট না হইয়া বরং তাঁহাকে

তিরক্ষার করিয়াছিলেন। তেজস্বী ভারতচন্দ্র মনোবেদনায় প্রপীড়িত হইয়া প্রতিজ্ঞা করিয়া-ছিলেন বে, ''যতদিন আনি অর্থোপার্জ্জন করিতে সক্ষম না হইব, ততাদিবস গৃহে প্রত্যাগমন করিব না।" এইরূপ প্রতিজ্ঞাবদ্ধ হইয়া তিনি প্রথমহঃ হুগলী জেলার অন্তঃপাতি বাঁশবেড়িয়ার পশ্চিন দেবানন্দপুরের রামচন্দ্র মুন্সী নামক জনৈক সদাশয় ধনাতা কায়স্তের আশ্রিত হইয়া, পারস্ভাষা শিক্ষার্থ যত্নশীল হন। এই সময়ে ভাঁহার সংক্ত ও বঙ্গভাবার বিশেব ব্যুৎপত্তি জ্মিরাছিল। এমন কি, উৎকুট উৎকুট কবিতা সকল অত্যপো সময়মধ্যে রচনা ক-রিতে পারিতেন। এই সময়েই তিনি বঙ্গভাষায় ছইখানি "সভ্যনারায়ণের পুথি" রচনা করেন। তাঁহার জীবনরতান্ত লেখকের। বর্ণনা করিয়াছেন,—এই সময়ে ভাঁহার বয়স পঞ্চন্শ বর্ষের অধিক ছিল না। যে সময়ে বঙ্গভূমির অবস্থা অত্যন্ত মনদ এবং এতদেশীয়গণের বিদ্যাশিকার পথ অত্যন্ত পঙ্কিল থাকায়,

ভারত কাব্যোদ্যানের দৃক্ষ দকল নানা ঝঞ্জা-বাতে ছিন্ন ভিন্ন হইয়াছিল, সেই সময়ে, এত নবীন বয়সে এইরূপ বিদ্যা ও রচনাশক্তি-সম্পন্ন হওয়া সামান্য আশ্চর্য্যের বিষয় নহে। যাহাহউক, ভারতচন্দ্র পার্স্য ভাষায় সম্যুক্রপ ব্যুৎপত্তি লাভ করিয়া প্রায় বিং শতি বৎসর বয়সে পুনর্কার জন্মভূমিতে প্রত্যাগত হইয়াছিলেন। তথার ভাঁহার ভাতৃবর্গকর্তৃক অনুরুদ্ধ হইয়া, পিতৃক্ত ইজারা ভূমি সমূহের গোলযোগ নিষ্পত্তি করণার্থ মোক্তারী পদগ্রহণ পূর্ব্বক বৰ্দ্ধমানে যাত্ৰা করেন। সেই কার্য্য তৎ কর্ত্তক অতি সুচারুত্রপে সম্পাদিত হইয়াছিল। কিন্তু ভাতৃগণ উপযুক্ত সময়ে রাজস্ব প্রেরণে সক্ষম না হওয়াতে বৰ্দ্ধনানাধিপ দেই সকল ভূসম্পত্তি নিজ প্রভুত্বাধীন করিয়া লইলেন। ভারতচন্দ্র তাহাতে আপত্তি উত্থাপন করিলে, ত্র্ফীমতি রাজকর্মচারিগণ চক্রান্ত করিয়া তাঁহাকে কারা-রদ্ধ করে। কিন্তু দয়া-ধর্ম-প্রিয় কারাধ্যক ভাঁহাকে গোপনে নিষ্কৃতি প্রদান করেন। ভারত-

চন্দ্র এইরূপ অনুগৃহীত হইয়া তথা হইতে কটক যাত্রা করেন। তথন কটক মহারাষ্ট্রীয়দিপের অধিকার ভুক্ত ছিল,এবং শিবভট্ট নামক একজন সদাশয় ব্যক্তি সেই স্থানের সুবাদার ছিলেন। তিনি অনুগ্রহ করিয়া ভারতচন্দ্রকে আশ্রয় দান পূর্ব্বক পুরুবোত্তম ধামে বাসকরণোপযোগী সমু-मारा प्रवा अमानार्थ कर्माहात्रीमिशतक जातमा अमान करतन । ভারতচন্দ্র কিয়দিবস পরে বৃন্দাবন গম-নাভিলাবে পুরুষোত্তম হইতে বহির্গত হইলেন, কিন্তু থানাকুল কুঞ্নগরে উপস্থিত হইলে ভাঁহার ভায়রাভাই তদীয় বৈরাগ্য ভাব দর্শন করত, অনেক প্রকার প্রবোধ বাক্য দ্বারা ভাঁহার
মনোভাব পরিবর্ত্তন করিলেন। স্কুতরাং
রন্দাবন যাত্রা স্থাপিত হইল, এবং কিছুকাল
শশুরালয়ে অতিবাহিত করিলেন। অতঃপর তিনি ফরাসী গবর্ণমেন্টের দেওয়ান বারু ইন্দ্রনারায়ণ চৌধুরী মহাশয়ের সাহায্যে নব-দীপাবিপতি স্থবিখ্যাত ক্লফচন্দ্র রায়ের নিকট পরিচিত হন। রাজা কৃষ্ণচন্দ্র কাব্যপ্রিয়তাগুণে

অদ্বিতীয় ছিলেন, স্মৃতরাৎ তাঁহার নিকট গুণা-কর ভারতচন্দ্রের ন্যায় স্থক্রির কথনো ।ক অনাদর হইবার সম্ভাবনা ? কখনই নহে। রাজা ভাষার কবিস্বগুণে মোহিত হইয়া ''গুণাকর'' উপর্গাধর সহিত ৪০ টাকা বেতনে নিজ সভায় নিযুক্ত করিলেন। কৃষ্ণচন্দ্রের বিশেষানুগ্রহ ও উৎসাহে ভারতচন্দ্র প্রথমত অরদামঙ্গল রচনার ৫ রত্ত হয়েন এবং তাহার কিছুকাল পরে বিদ্যা– প্রুদর রচিত হয়। অনেকে কহিয়া পাকেন, ভারতচন্দ্র বর্দ্ধমানাধিপের পূর্ব্যক্ত অত্যাচার বিস্মৃত হইতে পারেন নাই, তজ্জনাই তিনি উক্ত রাজবংশের প্লানি-স্কুচক বিষয় অবলম্বন করত বিদ্যাস্থন্দর রচনা করেন। একথা নিতান্ত অপ্রামাণিক নহে, কবিবরের জীবনী ও বিদ্যাস্থলর মনোনিবেশ প্রকে পাঠ করিলে অনায়াদেই সেই ভাব উপলব্ধি হয়। কিন্তু ইহা যে পূৰ্ব্ববৰ্ণিত সংকৃত প্রন্থের আভাস লইয়া রচিত হইয়াছে, তদ্বিষয়ে কেছ দ্বিরুক্তি করিতে পারিবেন না। বিদ্যাস্থন্দর রচনার পর ভারতচন্দ্র রসমঞ্জরী রচনা করেন। ইহাতে আদিরস বর্ণিত হইয়াছে। ভারতচক্র এই রচনার বিশেষ ক্ষমতা প্রকাশ করিয়াছেন। অনেকের এইরূপ মন্তব্য যে, লেখ-কের রচনা দেখিয়া ভাঁহার আন্তরিক ভাব জ্ঞাত इउद्यो यात्र व्यर्थाए याँ होत या विवरत व्यक्षिक আদক্তি তিনি স্বকীয় রচনা মধ্যে তাহা প্রায়ই ব্যক্তকরিয়া ফেলেন। একথা সত্য; কিন্তু ভারত-চক্র সে প্রক্রতির লোক ছিলেন না। তিনি যেমন সুর্সিক ছিলেন, তেমনি তাঁহার চরিত্র কলঙ্ক বিবর্জিত ছিল। কবিরঞ্জন রামপ্রসাদ সেন সুরাশক্ত ছিলেন, কিন্তু গুণাকর নিজ চরিত্রকে সে দোষে কলঙ্কিত করেন নাই। তিনি জীবনের শেষাংশ মূলাযোড় গ্রামে অতি-बाह्य करतन। अनुमामक्रम, तममञ्जती ७ विमान-স্বৰুর ব্যতীত তৎ কর্ত্ত্বক সংক্ষৃত ও বঙ্গভাষায় অনেক কুদ্র কুদ্র প্রবন্ধ রচিত হইয়াছিল। ভা-রুহচন্দ্র রায় ইহলোক পরিত্যাগ করিবার কিছু शृद्ध ह्थीनांहेक बहनां अब्रुख इरेबाहित्वन। তাहा मः कृ ठ, वाक्राला ও हिम्मो ভाষায় नाना-

লশ্ধারেভূষিত হইরা রচিত হইরাছিল। কিন্তু
আমাদিগের ত্বরদৃষ্টবশতঃ গ্রন্থানি শেষ না
হইতে হইতেই ভাঁহার স্ত্যু হয়। ১৬৮২ শকে
কবিবর ভারতচন্দ্র নশ্বর তন্নু ত্যাগ করেন।

ই হার সমকালে রাধানাথ নামক এক ব্যক্তি বর্ত্তমান ছিলেন। সে বাক্তি কে? কোপায় বসভি, তাহা জ্বানিবার উপায় নাই। তিনিও ক্ৰিত্ব শূন্য ছিলেন না, বিদ্যাস্থলেরের কোন অংশে তাঁহার রচনা দৃষ্ট হয়। গুণাকর ভারত-চন্দ্রের পর রামনিধি গুপ্ত\* আমাদিগের বর্ণ-নীয় বিষয় হইতেছেন ৷ তিনি ১১৪৮ সালে কলিকাতার অন্তঃপাতি কুমারটুলি পল্লিতে জন্ম-গ্রহণ করেন। তিনি •ইফ ইণ্ডিয়া কোম্পানির• षयीत अत्नक अधान अधान क्यां क्रियाहि-লেন। আদিরস বর্ণনায় ভাঁহার বিশেষ ক্ষমতা তৎপ্রণীত সঙ্গীত সমূহ এখনো বঙ্গ-সমাজের আদরণীয় পদার্থ মধ্যে গণ্য হইয়া আদিতেছে। অভ্যন্ত ধার্মিক ও সঙ্গরিত্র মহো\_

<sup>•</sup> कैंनि निधुवाद नाम विथाज।

দয়গণকেও আহ্লাদের সহিত নিধুবাবুর টপ্পা প্রবণ করিতে দেখা যায়। তিনি ১২৪৫ সালে ৯৭ বংসর বয়সে তমু ত্যাগ করেন। সঙ্গীত ভিন্ন তাঁহার প্রণীত অন্য কোন গ্রন্থ আমাদিগের নয়নগোচর হয় না, রামনিধি গুপ্ত জীবিত থাকিতে থাকিতেই মদনমোহন তকালকারের রচনা-কুসুম প্রস্ফুটিত হইয়াছিল। এই মহোদয় ১২২২ সালে জন্মগ্রহণ করেন, তাঁহার পিতার নাম রামধন চট্টোপাধ্যায়, পিতামহের নাম কুষ্ণকিশোর চট্টোপাধ্যায়। নদীয়ার অন্তর্কতী বিল্ঞামে ভাঁহার পূর্ব্ব পুরুষের বাসস্থান ছিল। তিনি বাল্যকালে প্রথমতঃ গ্রাম্য পাঠশালায় অধ্যয়ন করিয়া রামদাস ন্যায়রত্ব সমীপে সং-ক্ষত ব্যাকরণ পড়িতে আরম্ভ করেন। তৎপরে কলিকাছান্ত কংলেজে ১৫ বংসর অধ্য-য়ন করিয়া সংক্ষৃত সাহিত্যে বিশেষ পারদশী কালেজ পরিত্যাগের সময় অধ্যক্ষেরা তাঁহাকে তর্কালকার উপাধি প্রদান করিয়াছি-লেন। ইংরাঞ্চি ভাষায়ও ভাঁহার ব্যুৎপত্তি ছিল।

তিনি পঠনশাতেই ''বাসবদন্তা" কাব্য রচনা করেন। এই গ্রন্থ বিক্রমাদিতোর সভাস্থ রত্ন-বর বররুচির ভাগিনেয় সুবন্ধু কর্ত্তক প্রথমভ সংক্ত ভাষায় রচিত হয়। তর্কালক্ষার মহা-শয় সেই উপাখ্যান অবলম্বন করিয়া বঙ্গত ভাষায় এক স্থবিস্ত,ত কবিত্ব পরিপৃরিত কাব্য প্রণয়ন করেন। গ্রন্থাবতারিকা মধ্যে লিখিচ আছে যে, ''এই গ্রন্থ যশোহর জেলার অন্তঃপাতি ইসফ্পুর পরগণান্থ নওয়াপাড়া আম নিবাদী কালীকান্ত রায়ের অনুমত্যসুসারে রচিত হয়।" ক্ষণে (১৮৭০ খৃঃঅঃ) বাসবদত্তার বয়ঃক্রম প্রায়২১ বৎসর হইয়াছে। ভাঁহার পঠদ্দশায় প্রণীতদ্বিতীয় পুস্তকের নাম "রসভরঙ্গিণী" ইহাতে কতগুলি সংস্কৃত উদ্ভট কবিতার অনুবাদ সন্নিবেশিত হইয়াছে। ইহার রচনা প্রণালী বাসবদতা অ-পেক্ষা উত্তম, কিন্তু বর্ণিত বিষয় অচ্যন্ত অশ্লীল। পিতা পুত্রে এক স্থানে পাঠ করিবার উপযুক্ত নহে। তক বিহ্বার মহাশয় কালেজ হইতে বহি-ৰ্গত হইয়া প্ৰথমতঃ কলিকাতা গ্ৰণমেণ্ট পাঠ-

শালায় ১৫ টাকা বেতনে শিক্ষকতা কার্য্যে নি-যুক্ত হইয়াছিলেন। তৎপরে ২৫ টাকা বেতনে বারাসত ইংরাজী-বঙ্গ-বিদ্যালয়ের পণ্ডিত হন। কিছু দিন পরে সে স্থান পরিত্যাগ করিয়া কলি– कार्छ। दकार्चे डेहेलियम काटलटब्बर दिन्धीय जायात অধ্যাপকের পদে নিযুক্ত হইরাছিলেন। অনন্তর ৫০ টাকা বেতনে কুঞ্নগর কালেজের প্রধান পণ্ডিতের আদন গ্রহণ করেন। কিছুকাল পরে সেস্থান হইতে পুনর্কার কলিকাতা সংক্ষৃত কালেজের সাহিত্যাধ্যাপক হন। এই সময়ে বালক বালিকার পাঠ্য পুস্তকের অভাব দেখিয়া তিনি ক্রমান্বয়ে তিন ভাগ শিশুশিক্ষা প্রণয়ন করেন। ইহার পূর্বে বালকবালিকাগণের প্রথম পাঠোগযুক্ত সুপ্রণালীবদ্ধ গ্রন্থ প্রায় ছিল না, তক্লিস্কার মহাশয় তাহার প্রথম অভাব মোচন করেন। ভাঁছার পুস্তকের আদর্শ লইয়া এখন অনেকেই উক্তবিধ গ্রন্থ সকল প্রণয়ন করিতেছেন ও ক্রিরাছেন। যাহাহউক, তिनि कथाना धकन्दान मीर्घकाल कार्या करतन নাই। নংস্ত কালেজে কিছুকাল অধ্যাপ-কথ করিয়া ১২৫৬ সালে মাসিক ১৫০ টাকা বেতনে বহরমপুরের জজ্পণ্ডিতের পদে নিযুক্ত হন। সর্কাশেষে কান্দী মহকুমার ডিপুটি মাজিপ্রেটের পদে অভিষিক্ত হইয়াছিলেন। জীবনের অবশিন্টাংশ ঐ স্থানে স্থথে অতিবাহিত করিয়া ১২৬৪ সালে প্রাণ ত্যাগ করেন।

তক লিস্কার মহাশয়ের সমকালে অথবা
অব্যবহিত পরেই রামবস্থ, হরুঠাকুর, বাস্থসিংহ, নিত্যানন্দ বৈরাগী প্রভৃতি কয়েক জন
কবিওয়ালা প্রাহ্নভূতি হন। ই হাদিগের
মধ্যে কেহই উপযুক্তরূপ বিদ্যালোকসম্পন্ন
ছিলেন না। কিন্তু তাঁহাদিগের রচিত সঙ্গীতমালায় বিশেষ কবিত্ব-জ্যোতি লক্ষিত হয়।
তাঁহাদিগের মধ্যে রামবস্থ সাধারণের নিকট
অধিক পরিচিত, স্মৃতরাং তাঁহার বিবরণ এস্থলে
কিঞ্চিৎ প্রকটিত হইল:—তিনি ১১৯৪ বঙ্গান্দে
কলিকাতার অপরপারস্থ সালিখা নামী গ্রামে

জন্মগ্রহণ করেন। সঙ্গীত রচনায় ভাঁহার বিশেষ ক্ষমতা ছিল। ১২৩৬ সালে ৪২ বৎ-সর বয়সে তিনি গতায়ু হন। তাঁহার রচনা-কুসুম অক্সদেশীয় লোকদিগের অমনোযোগিতা (मार्य धः म श्रेष्ठा निगारः । कि कूकाल शृर्द्ध কবিবর ঈশ্বচন্দ্র গুপ্ত মহোদয় সেই সকল স্থ-ভাব সঙ্গীত নিকর সংগ্রহার্থ যত্নবান হইয়া-ছিলেন। কিন্তু আমাদিগের ভাগ্যদোষে তিনিও অকালে কালকবলিত হন। এফণে কোন কোন মহাশয় অসুদক্ষান করিয়া রামবস্থর বিলুপ্ত রচনার অনেকাংশ আবিষ্কার করিয়াছেন। ভাঁহাদিগের আবিদ্যিত এক অংশ আমরা কুতজ্ঞতার সহিত এন্থলে গ্রহণ করিলাম। যথাঃ---

## (ঠাকরুণ বিষয়।)

"ওহে গিরি গাতোল হে মা এনেন্ হিমালয়। উঠ ছুর্গা ছুর্গা বলে, ছুর্গাকর কোলে, মুখে বলো জয় জয় ছুর্গা জয়॥ কন্যাপুত্র প্রতি বাছ্লা, ভায় ভাছ্লা, করা নয়; আঁচল ধরে তারা ঃ—
বলে, ছিমা, কিমা, মাগো, ওমা.
মাবাপের কি এমনি ধারা!
গিরি তুমি যে অগতি, বোনো না পার্নতী,
প্রেস্থাতির অ্থাতি জগৎময়।"
বেক্ষাক্র ক্রাক্স ক্রাক্স ক্রাক্স ক্রাক্স

এক্ষণের্ঞ্ফকাস্ক ভাছড়িনামক জনৈক ব্যক্তির পরিচর দেওয়া যাইতেছে। তিনি নবদ্বীপাধি-পতি গিরিচশন্র রায়ের\* সভাপণ্ডিত ছিলেন। রাজা তাঁহার উপস্থিত বাক্পটুতাও সুর্রিন-কতায় প্রীত হইয়া "রসসাগর" উপাধি প্রদান করেন। রসসাগরের অতিশয় ক্রতর্চনায় ক্ষমতা ছিল, এমন কি, কোন প্রশ্ন করিলেই তিনি তৎক্ষণাৎ ভাহার উত্তর পদ্যে প্রদান করিতে পারিতেন। একদা রাজাকর্তৃক এইরূপ প্রশ্ন প্রদত্ত হয়। যথাঃ—

"গভীতে ভক্ষণ করে সিংছের শরীর।" রসসাগর অধিকক্ষণ চিন্তা না করিয়াই এই– রূপ উত্তর দিয়াছিলেন। যথা :---''নহারাজ রাজধানী, নগর বাহির। বারইয়ারি মা ফেটে হলেন গৌহির॥

<sup>\*</sup>ইনি মৃত ন্বৰাপাৰিপাত সতীশচল বায়ের পিতামছ।

ক্রমে ক্রমে খড় দড়ী, হইল বাহির। গাড়ীতে ভক্ষণ করে, সিংহের শরীর।"

তিনি এইরপে কত শত কবিতা রচনা করিয়াছিলেন,তাহার সংখ্যা করা যায় না। হিন্দী—
ভাষাতেও ভাঁহার ঐরপ নৈসর্গিক ক্ষমতা ছিল।
ভাঁহার প্রণীত কোন পুস্তক আমাদিগের
নরনগোচর হয় নাই।

এক্ষণে কবিবর ঈশ্বরগুপ্ত আমাদিগের বর্ণনার বিষয় হইতেছেন। ১২১৬ সালে কলি-কাতার ১৪ ক্রেন্স উত্তর কঁ।চড়াপাড়া গ্রামে হরিনারারণ গুপ্তের ঔরসে গুপ্ত কবির জন্ম হয়। বাল্যকালে তিনি কোন বিখ্যাত বিদ্যালয়ে অধ্যয়ন করেন নাই। কিন্তু শৈশ্যকাল হই-তেই তাঁহার কবিতা রচনায় বিশেষ অনুরাগ ছিল। বাল্যকাল (প্রায় ছয় বৎসর বয়ঃক্রম) হ-ইতে তিনি কলিকাতায় মাতুলালয়ে বাস করি—তেন। ১২৩৭ সালের ১৬ই মাঘ হইতে তিনি প্রথমতঃ সাপ্তাহিক নিয়মে "সংবাদ প্রভাকর" প্রচারণে প্রয়ত্ত হন। কিছু দিন পরে সপ্তাহে

তিনবার ও পরিশেষে বর্ত্তমান প্রাত্যহিকনিয়মে এপ্রভাকর প্রচারিত হয়। সেই সময়ে তিনি কবিত্বশক্তির পরিচয় দিবার নিমিত্ত আর এক-থানি মাসিক প্রভাকর প্রচার করেন। তাহা কেবল নানা বিষয়িণী কবিতামালায় পরিপ্রিত থাকিত। ''সাধুরঞ্জন' ও ''পাষগু-পীড়ন" নামে আর হুইথানি সাপ্তাহিক পত্র তৎ কর্তৃক সম্পা-দিত হঁইত। কবিবর সাধুরঞ্জনকে নানা প্রকার জ্ঞানগর্ভ প্রবন্ধ সমূহে ভূষিত করিতেন। পা-ষ্ণত-পীড়নেও ঐরপ বিষয় সকল লিখিত হইত। কিন্তু সেই সময়ে মাননীয় ভাক্ষর সম্পাদক গোরীশঙ্কর ভট্টাচার্য্যের সহিত ঈশ্বর শুপ্তের বিবাদ হওয়াতে শেষোক্ত পত্রখানিতে অল্লীল বিষয় দলিবেশিত হইয়াছিল। কবিবর এই সকল পত্ত সম্পাদন করিয়া যে অবকাশ পাইতেন, তাহাও বঙ্গ-সাহিত্যোন্তি সাধক বিষয়ে অভিবাহিত করিতেন। তিনি দশ বা দাদশ বৎসর নানা ছান পর্য্যটন কর্ত্ত ভারতচন্দ্র, কবিরঞ্জন, রামনিধি গুপ্ত, হরু-

ঠাক্র, রামবস্থ ও নিতাইদান প্রভৃতি হত কবিগণের জীবনরভান্ত সংগ্রহ করেন। সেইগুলি প্রভাকরে প্রকাশিত হইয়াছিল। কেবল ভারতচন্দ্রের জীবনরভান্ত তিনি স্বতন্ত্র পুস্তকাকারে পুনমু দান্ধিত করিয়াছিলেন। তাঁহার বত্ন ও পরিশ্রম বলে অস্মদেশের ও বন্ধসাহিত্যসংসারের যে উপকার সাধিত হইয়াছে,
তজ্জন্য তাঁহার প্রতি আমাদিগের সকলেরই
ক্রত্ত হওয়া উচিত।

শ্বেবাধ প্রভাকর" নামক তিনি একখানি
পুস্তক রচনা করেন। তাহাতে জীব-তত্ত্ব-বিষয়ক
প্রসঙ্গ সকল সনিবেশিত হইরাছে। সেই পুস্তকের রচনাপ্রণালী অনেকাং শে প্রাঞ্জল। তাহা
১২৬৪ সালের ১লা চৈত্রে গ্রন্থকতা কর্তৃক প্রথম
প্রকাশিত হইরাছিল। ইহার পর প্রিতপ্রভাকর" নামধের আর একখানি গদ্য পদ্যময়
গ্রন্থ রচিত হয়। কথিত আছে, গুপ্ত
মহাশয় প্রবিধাতে বেপুন সাহেবের অনুরোধপরতন্ত্র হইরা বিষ্ণুশন্যাক্ত হিতোপদেশের

মিত্রলাভ, সুহুদ্ধেদ, বিগ্রহ,ও সন্ধি এই চারিটা বিষয় অবলহন করত ঐ গ্রন্থ রচনা করেন। ইহার রচনাপ্রণালী সরল; হুর্কোধ স্থান প্রায়ই নয়নগোচর হয় না। ঐ গ্রন্থ তাঁহার স্ত্যুর পর ১২৬৭ সালের ১১ই চৈত্রে তদীয় ভ্রাতা শ্রিযুক্ত রামচক্র গুপ্ত (ঘিনি বর্তমান প্রভাকর সম্পাদক) কর্তৃক প্রকাশিত হইয়াছে। এতন্তির ''বোধেন্চুবিকাশ" ও ''কলিনাটক"নামধের ছই-খানি গ্রন্থের রচনা আরম্ভ করিয়াই জীব-লীলা সম্বরণ করেন। ১২৭২ সালে প্রথমোক্ত পুস্তক-খানির তিন অক মাত্র প্রচারিত হয়। তাহা প্রবোধচন্দ্রোদয় নাটকের আভাস লইয়া রচিত। তাহার অধিকাংশ স্থানই হাস্যরসেপরিপূর্ণ। গুপ্ত মহাশার হাস্যরস বর্ণনার বিশেষ ক্ষমতা দেখা-ইয়া গিয়াছেন। এতন্তিন্ন তিনি কতশত হাস্যো-দ্দীপক সঙ্গীত ও নানা বিষয়িণী কবিতা-মালা রচনা করিয়াছেন, তাহার ইয়ত্তা করা যায় না। ১২৬৫ সালের ১০ই মাঘে তিনি এই সকল অক্ষয় কীর্ত্তি স্থাপন করত, ইহলোক পরিত্যাগ

করেন। কবিবর ঈশ্বর গুপ্তের সমকালেই এতদেশীয় গায়কসম্প্রদায়ের প্রাত্তবি হয়। তাঁহাদিগের মধ্যে দাশরথী রায় বিশেষ খ্যাতিলাভ করেন। অথচ তিনি ভালরূপ লেখা পড়া জানিতেন না। সঙ্গীত রচনাই তাঁহার প্রধান উপজীবিকা ছিল। দাশরথী প্রণীত পাঁচখণ্ড পাঁচালি এখন বহুল পরিমাণে প্রচারিত হইয়া বিক্রীত হইতেছে।

১৭৪৯ শকে (১৮২৭ খৃঃ অব্দে) মুলাবোড় নিবাদী বঙ্গচন্দ্র বন্দ্যোপাধ্যার অনুদামঙ্গলের বিষয় লইয়া ছুর্গামঙ্গল রচনা করেন। কথিত আছে, কলিকাতা নিবাদী সুবিখ্যাত স্থত বারু আশুতোষ দেবের উৎসাহে উক্ত কাব্যখানি রচিত হইয়াছে। তাহাতে প্রশংসনীর ভাগ অতি অশ্প।

প্রায় ২০বংসর অতীত হইল, রঘুনন্দন গোস্বামী নামক জনৈক ব্যক্তি রামায়ণের সপ্ত কাণ্ড অবলম্বন পূর্বেক "রামরসায়ন" নামক কাব্য রচনা করেন। সেই গ্রন্থের রচনাপ্রণালী বড় উৎকৃষ্ট নহে, কিন্তু তাহাতে রচয়িতার কবিত্বশক্তি পরিচায়ক অনেক স্থল দৃষ্ট হয়। গ্রন্থকর্ত্তা অতি উত্তমরূপ সংস্কৃত জানিতেন।

এইরপ কত শত মহাত্মা জন্ম গ্রহণ করিয়া বঙ্গ-সাহিত্যের অঙ্গপুষ্টি সাধন করিয়া গিয়া-ছেন: কত শত মহোদয়ের মনোদ্যানোৎপন্ন পুষ্পসমূহ বিক্রয় করিয়া কত শত লোক জীবন ধারণ করিতেছে: কত শত ব্যক্তি তাঁহা-বিগের রচনাবলী পাঠ করিয়া বঙ্গভাষায় বু**ড**় পত্তি লাভ করিয়াছেন; কত শত মহোদয় ভাঁহাদিগের রচনাপ্ণালী অবলম্বন, কেহ বা আদর্শরপে গ্রহণ করিয়া উৎসাহিত মনে. উৎकृष्ठे উৎकृष्ठे कावा मकल तहना कतिरहरहन, তাতার ইয়তা কর। যায় না। যে মহোদয়দিগের লেখনীবলে, এতদূর উপকার সাধিত হইয়াছে ও হইতেছে, তাঁহারাই ধন্য। তাঁহাদিগের ষশই প্রকৃত ও চিরন্থায়ী। যত দিন বঙ্গভাষা জগন্মগুলে বর্ত্তমান থাকিবে, যতদিন একজনও স্বদেশপ্রিয় ব্যক্তি জীবিত থাকিবেন, ততদিন

ভারতচন্দ্রাদি কবিকুলের কখনই অনাদর হইবে না। যতই বিদ্যার উন্নতি হইবে, যতই দেশীয়– গণ সত্যতার উচ্চাসনে স্থান পাইবেন, বন্দীর প্রোচীন রচয়িতৃগণের যশোকান্তি ততই রুদ্ধি হইতে থাকিবে।

এস্থলে ঞ্রীরামপুরস্থ মিসনরিগণ ও কলি-কাতাস্থ ক্ষুল বুক সোসাইটী, এবং তত্ত্ববোধিনী সভার বিষয়ও নিতান্ত নিচ্চলে কথিত হইবে না। ১৭৯৯ খৃঃ অব্দের অক্টোবর মাসে একদল প্রোটেন্টান্ট মিসনরি এছদেশে আগমন করিয়া ঞ্জিরামপুরে অবস্থিতি করেন। ডাক্তার মাস-মান ও মাফার ওয়ার্ড তাঁহাদিগের প্রধান নায়ক ছিলেন। মহা মান্য কেরি উহাঁদিগের প্রায় ছয় বৎসর পূর্বের ভারতবর্ষে আগমন করত মালদহ জেলায় বাস করেন। এই সময়ে তিনি ঞ্রীরামপুরস্থ মিসনরিদিগের সহিত মিলিভ যদিও খৃতীধর্ম প্রচার করা এই মহোদর-দিগের মুখ্য উদ্দেশ্য, তথাচ তাঁহার৷ এই দেশ-বাসিগণের অবস্থা ও ভাষার উন্নতি সাধনে বিশেষ

যত্নবান ছিলেন। তাঁহাদিগের যত্ন ও অধ্যব-সায় বলে ঞ্রিরামপুরে একটা মুদ্রাযন্ত্র স্থাপিত হয়। তাহাতে রামায়ণ, মহাভারত, ও অভিধান প্রভৃতি অনেক বাঙ্গালা পুস্তক মুদ্রাঙ্কিত হইয়াছিল। বঙ্গভাষায় ইংরাজি প্রণালীতে অভিধান রচনা করা, কেরি সাহেব কর্তৃক প্রথম উদ্ভাবিত হয়। ভাঁহার প্রণীত অভিধান এখন অঙ্গাদেশে প্রচারিত রহিয়াছে। তিনি একোন-বিংশতি শতাব্দীর প্রারম্ভে " খৃষ্ট ধর্ম শুভ সংবাদ বাহক" নামে একথানি পুস্তক প্রথম মুদ্রাঙ্কন করেন। ১৮০১ খঃ অব্দে "নিউটেউ-মেণ্ট" নামক গ্রন্থের বাঙ্গালা অনুবাদ তৎক-র্ভুক প্রচারিত হয়। তিনি ভারতবর্ষে আগমন করিয়া এই গ্রন্থ প্রথম লিখিয়াছিলেন। কিন্তু ইহা 'থাউধৰ্ম শুভ সংবাদবাহক"নামক পুস্ত-কের কিছুকাল পরে মুদ্রিত হইয়াছিল। এই সময়ে তাঁহার উৎসাহে বাবু রামরাম বস্থ কর্তৃক 'রাজা পুতাপাদিত্য চরিত্রণ নামক একখানি গদ্য গ্রন্থ র র চিত হয়। বাবু রামরাম বসু কলি-

শাতান্থ কোট উইলিয়ম কালেজের এক জন
শিক্ষক ছিলেন। তিনি প্রতাপাদিত্যের বংশো।
দ্বন। বিজ্ঞান ও দাহিত্য শাস্ত্রে তাঁহার বিশেষ
দ্যান ছিল, কিন্তু তল্লিখিত গ্রন্থের রচনা
নত্যন্ত জঘন্য। সেই পুস্তক তৎকালে বিদ্যালয়—
সমুহের প্রধান পাঠ্য পুস্তক ছিল। সাধারণের
দর্শনার্থ উক্ত গ্রন্থের কিয়দংশ এ স্থলে উদ্ধৃত
ছইলঃ—

"ইহা ছাড়াইলে পুরির আরম্ভ। পূবে সিংছধার
ক্রীরির তিনভিতে উত্তর পশ্চিম দক্ষিণ ভাগে সারিমারি
ক্রীরা তিন দালান তাহাতে পশুগণের রহিবার স্থল।
ক্রীন্তর দালানে সমস্ত ত্থাবতী গাভীগণ থাকে দক্ষিণ
ভাগে ঘোড়া ও গাধাগণ পশ্চিমের দালানে হাতি ও
ক্রীঠ তাহাদের সাতে সাতে আর আর অনেক অনেক
ক্রীশুগণ।

এক পোরা দীর্ঘ প্রেছ নিজপুরী। তার চারিদিগে

ইন্তরে রচিত দেয়াল। পুবেরদিগে সিংহ্রার তাহার

াহির ভাগে পেট কাটা দরজা। শোভাকর দার

াতি উচ্চ আমারি সহিৎ হস্তি বরাবর যাইতে পারে।

ারের উপর এক ছান তাহার নাম নওবং-খানা

হাহাতে অনেক অনেক প্রকার জন্ত্র দিবা রাত্রি সময়ামু
চিমে জন্তিরা বাদ্যধনি করে।"

তৎপরে কেরি নাহেব স্বয়ং বঙ্গভাষার ব্যাকরণ ও কথাবলি নামক সৃইখানি পুস্তক প্রচার করেন।

১৮০৪ খৃঃ অব্দে তাঁহার দারা মহানগরী কলিকাতার ক্ষি-বিদ্যা সমালোচক নামক একটী সমাজ স্থাপিত হয়। ইহার দারা বঙ্গদেশের অনেক উপকার হইয়াছে। পূর্ব্বে এই সভা হইতে বঙ্গভাষায় একখানি পত্রিকা প্রচারিত হইত।

অতঃপর কেরির জ্যেন্ট পুত্র কিলিপ্ কেরি
'রিউস দেশের বিবরণ' নানক একথানি গ্রন্থ
প্রথমন করেন। ১৮১৭ দৃত্যাব্দের এপ্রেল
মাসে কয়েক জন ইংরাজ ও দেশীর মহোদর
দারা ক্ষুলরুক সোসাইটা নামী সভা স্থাপিত
হর। অপ্য মুল্যে উৎক্রন্ট পুত্তক প্রচার
করাই উক্ত সভার উদ্দেশ্য। ১৮৬২ খৃঃ অব্দে
বর্ণাকিউলার লিটারেচর সোসাইটা অর্থাৎ
বন্ধীর স হিত্য সভা ইহার সহিত সংযোজিত
হয়। উক্ত সোসাইটার দ্বারা উৎসাহিত হইয়া

কত শত মহোদর কত শত গ্রন্থ প্রণয়ন করি-তেছেন, তাহার সংখ্যা করা যায় না। উক্ত সভা দ্বারা প্রকাশিত "বিবিধার্থ সংগ্রহণ ও "রহস্য-সন্দর্ভণ পত্রদ্বয় অতীব প্রসংশ-নীয়। ইহা হইতে বন্ধদেশের বিস্তর উন্নতি হইয়াছে।

১৭৬১ শকের (১৮৪০ খৃঃ অব্দ) ২১এ আশ্বিন অশেষ গুণালক্ত পণ্ডিত রামচন্দ্র শর্মা ও তাঁহার বন্ধুবর্গ একত্রিত হইয়া বারু দ্বারকা-নাথ ঠাকুর মহোদয়ের ভবনে তত্ত্ববোধিনী সভা স্থাপিত করেন। বঙ্গসাহিত্যের গদ্য রচনার উন্নতি এই সভা হইতেই সাধিত হইয়াছে। তত্ত্বোধিনী সভার পত্রিকাখানি বঙ্গ সাহিত্যের কোষ স্বব্নপ বলিলেও বলা যায়। ইহাতে যত উৎকৃষ্ট উৎকৃষ্ট বিষয় সন্নিবেশিত হইয়াছে, বোধ হয়, বঙ্গীয় সমাজের প্রচলিত কোন পত্তি-কায় সেরূপ উন্নতি সাধক বিষয় প্রকাশিত हर नाहै। ১৮৪० थः अटक कटिंग शनियम् नामक থাস্থ পূথম ভত্তবোধিনী সভা কর্ত্ক পুচারিত

হইয়াছিল। তৎপরে বেদান্তসার, ত্রাহ্মধর্ম, পঞ্চদশী প্রভৃতি অনেকগুলি উৎকৃষ্ট পুস্তক এই সভা কর্ত্ত পুচারিত হইয়াছে,তাহার ইয়তা করা যায় না। ১৮৪৩ খৃঃ অব্দে উক্ত সভার কোন প্রকৃত বন্ধু উহার উন্নতির নিমিত্ত একটী মুদ্রা. যন্ত্র প্রদান করিয়াছিলেন। সভার ব্যয় সাধা-রণ চাঁদা হইতে সমাধা হইত। হত বাবু দারকা-নাথ ঠাকুর এই সভার অনেক উপকার করিয়া-ছিলেন। তিনি ১৮৪৮ খৃঃ অব্দে সভার ত্রিতল গৃহ নির্মাণ জন্য ৩,৪২৫ টাকা প্রদান করেন। এনদ্ভিন্ন তিনি আর আর অনেক সাহায্য করিয়াছিলেন। পরিশেষে মহোদয় এন্ হল-হেড; সর চারলস্ উইলকিন্স; এবং মহাত্মা রাজা রামমোহন রায়ের বিষয় কিছু না বলিয়া উপস্থিত বিষয়ের উপসংহার করিলে, প্রস্তাব অসম্পূর্ণ বোধ হয়। এজন্য তাঁহাদিগের বিব-রণ ক্রমে লিখিত হইতেছে।

এন, হলহেড মহোদর ১৭৭০ ধৃটাবেদ দিবিলিয়ান হইয়া এতদেশে আগমন করেন।

তিনি নিজ মেধাশক্তি প্রভাবে এতদেশীয় ভাষাসমূহে এতদুর ব্যুৎপন্ন হইরাছিলেন বে, ভাঁহার পূর্ব্ববত্তী কোন ইউরোপীয় তত পরিমাণে এদেশীয় ভাষায় জ্ঞানলাভ করিতে मकम इरायन नाइ। ১११२ थ् छोरक यथन ताञ-কার্য্যের ভার ইউরোপীয় কন্মচারিবর্গের হস্তে অপিত হয়, তখন তৎকালিক গবর্ণর জেনে-রল ওয়ারেণ হেন্টিংস সেই সকল কর্মচারীকে **এতদেশীয় প্রণালী অবলম্বন দ্বারা রাজ-**কার্য্য সম্পন্ন করাইবার নিমিত ইচ্ছুক হইরা-ছিলেন। তজ্জন্যই তিনি হলহেড সাংহেবকে হিন্দু ও মুসলমান আইন সমূহ অনুবাদ করিতে আজ্ঞাদেন। হলহেড সাহেব তদরুবারী দে-শীয় প্রাচীন আইন সকল অনুবাদ করিয়া এক. থানি ইংরাজী পুস্তক প্রণয়ন করেন। ভাহা ১৭৭৫ খুটাকে প্রথম মুদ্রিত হয়। তিনি বঙ্গ ভাষায় বিশেষ ব্যুৎপত্তি লাভ করিয়াছিলেন। এমন কি, ১৭৭৮ খৃষ্টাব্দে তৎ কর্তৃক একখানি ব্যাকরণ প্রন্থিতও প্রচারিত হয়। ইহার পূর্বের

কোন বাঙ্গালা পুস্তক যন্ত্ৰার্ড় হয় নাই। সেই গ্রন্থ প্রথমতঃ ভগলিতে যদ্রিত হইয়াছিল। মহোদয় হলহেড সাহেবের পূর্কে বাঙ্গালা ভা-হায় কোন ব্যাকরণ রচিত হ্ইয়াছিল কি না, তা-হার কোন বিশেষ প্রমাণ নাই। স্থতরাং ভাঁহাকেই বঙ্গভাষার প্রথম ব্যাকরণ রচরিতা বলিয়া নির্দেশ করা যাইতে পারে। অবশ্য-यात्रीत हात्रन्भं छेरेनिकिन मश्राभव्य, श्लटहछ সাহেবের একজন বন্ধ হিলেন। তাঁহারও বঞ্চ ভাষায় বিশেষ জ্ঞান ছিল। তিনি অতি উৎকুট শিল্পী ছিলেন। তাঁহার গুরুতর পরিশ্রম ও সুঠীক্ষ বুদ্মিপ্রভাবে বঙ্গভাষায় খোদিত অক্ষর প্রথম ঢালাই হয়। যদিও সেই সকল বর্ণালা সুছাঁদ রূপে খোদিত হয় নাই বটে, তথাচ দেই অজ্ঞানতিমিরাচ্ছন্ন সময়ে, কেবল মাত্র নিজ বুদ্ধি ও শারীরিক পরিশ্রম সহায়ে যে তিনি এক সাট অক্ষর প্রস্তুত করিতে পারিয়াছিলেন, তাহাই তাঁহার পরোপকারিতা ও মহাতুভাবিতা গুণের পরিচয় দিতেছে। এবং তজ্জা তিনি শত

শত ধন্যবাদের পাত্র। অজ্ঞানাক্ষকারারত কোন বিদেশে যাইয়া তদ্দেশের ভাষা শিক্ষা. সেই সকল ভাষায় গ্রন্থ রচনা করা, ও ততু-রতি সাধক যন্ত্র সকল নির্মাণ করা সামান্য ক্ষ**-**মতা, অধ্যবসায় ও অস্বার্থপরতার আয়তাধীন नत्ह, यपि छडेलिकिन मार्ट्य कछ श्रीकात क-রিয়া, বাঙ্গালা ভাষায় অক্ষর প্রস্তুত না করিতেন, তাহা হইলে বোধ হয়, হলহেড সাহেবের ব্যাক-রণ জনসমাজের কোন উপকারেই আসিত না। সাধারণের অজ্ঞানতাবস্থাতেই বিলুপ্ত হইয়া যাইত। উইলকিন্স সাহেরের যত্ন ও পরিশ্রমে ভনীয় বন্ধু হলহেড মহাশয়ের প্রস্তু ১৭৭৮ খ্-छोटक छ्वनोट मुफ्रिड इहेशां हिल।

মহামান্য রাজা রামমোহন রায়ের স্থদেশপ্রিয়তাও বিদ্যানুরাগিতার বিষয় অস্মদ্দেশীয় জনগণের কাহারও অবিদিত নাই। তিনি স্থদেশের
উন্নতি জন্য যে কি পর্যান্ত কায়িক ও সান্দিক
পরিশ্রম করিয়াছিলেন, তাহার পরিমাণ করা যায়
না। তিনি স্থদেশের উন্নতি করিতে করিতে

অনাথিনী বঙ্গ-ভাষাকেও বিস্মৃত হন নাই।
তংপ্রণীত ব্যাকরণ, বক্তৃতা, ও সঙ্গীত মালা
বঙ্গভাষার অঙ্গশোভিনী হইয়া রহিয়াছে। প্রকৃত
গুণের কথনই অনাদর নাই।

এইরূপ কত শত মহাত্মা বঙ্গভাষার 'উন্নতি লক্ষ্য করিয়া কত শত পুস্তক রচনা করিয়া-ছিলেন: এইরূপ কত শত মহাশ্য় সঙ্গীত-সুধা অক্রেশে উত্তোলন করত সাধারণের জন্য রাখিরা গিরাছেন; এইরূপ কত শত মহো-पत्र ভाता-छेन्या**टन वांग कत्रब, ऋत्रम-कल श्र**म কাব্য-রুক্ষ সকল সাধারণের জ্বন্য রোপণ করিরা গিরাছেন, তাহার সংখ্যা করা হুজর। চির্ভুঃখিনী বঙ্গভাষার ভাগ্যে কথনই অনুকূল-त्रिके वर्षि इस नारे। मर्जनारे इत्रमृष्ठे तिवत প্রথর কিরণে ইহার সাহিচ্য-ক্ষেত্র সম্ভূত অঙ্গুর मकल जकारन जिंधकार महे धर्मि इहेशारह। ত্বে কতকণ্ডলি স্বাশ্য মহোদয়ের যত্নে, অব-শিষ্টাংশ যাহা ছিল, তাহাই ষত্নপূর্বক রক্ষিত इहेরাছে। এমন কি, কেছ কেছ শারীরিক পরিশ্রম ও কেছ বা বহুল অর্থ ব্যয় করত, রোপনকারীদিগকে উৎসাহিত করিয়াছিলেন।
ইহা কি সামান্য মহাসুভাবতা যে, এক ব্যক্তি
স্বার্থের প্রতি বিশেষ লক্ষ্য না রাখিয়া কেবল
সাধারণের উপকারার্থ ভূমির উর্বরতা সাধন
পূর্বেক তৎসম্ভূত উপস্বত্ত সাধারণকেই প্রদান
করিয়াছেন। ধন্য বদান্যতা। এরপ মহাত্মা
পৃথিবীর সকল স্থানে, সকল সময়ে বর্ত্তমান
থাকিলে জগতের বিশেষ মঙ্গল সম্ভাবনা।

## (বঙ্গভাষার বিদ্যালয়।)

স্বদেশের ভাষা অসুশীলন ব্যভিরেকে লোকে কথনই শীঘ্র ও সহসা আত্মোন্তি ক-রিতে পারে না। এক ব্যক্তি বহুল অর্থ ব্যয় করিয়া কত শত রাত্রি জাগরণ পূর্বকি যে বিদে-শীয় ভাষা মধ্যমরূপ শিক্ষা করিবেন, ভাঁহার ন্যায় মেধা-শক্তি সম্পন্ন অপর এক ব্যক্তি তদ-পেক্ষা অপ্প ব্যয় ও অপ্প পরিশ্রমে স্বকীয় ভাষার মহাপণ্ডিত মধ্যে গণ্য হইতে পারেন। এক ব্যক্তির বিদেশীয় ভাষা বহুকাল শিক্ষা করিয়া এক পংক্তি রচনা করিতে হইলে. বারম্বার অভিধান ও ব্যাকরণের সাহায্য গ্রহণ করিতে হয়, কিন্তু অপর এক ব্যক্তি স্বদেশীয় ভাষায় তাঁহা অপেক্ষা অপ্প ব্যুৎ-পত্তি লাভ করিয়া রুহুৎ রুহুৎ সুললিত কাব্য সমূহ রচনা করিতেছেন। দেশীয় লোক স্বদে-শের ভাষা যত্নপূর্বক শিক্ষা না করিলে কথনই নেশের ভাষায় উত্তমোত্তম প্রন্থের স্থাটি হয় না। चमा जिमा किराने मा चार्य चार्य कर के इंट्रा की ভাষায় কাব্যাদি রচনায় প্রবৃত্ত হইয়াছেন, কিন্তু কেহই ইংরাজ জাতিকে পরাজিত করিতে সক্ষম হন নাই। কোনু স্থলে কিব্লপ শব্দ প্রয়োগ করা উচিত, দেশীয় লোক যেমন সেটী বুঝি-বেন, বিদেশীয়েরা কথনই ততদুর পারদর্শিতা লাভ ক্রিতে পারিবেন না। দেখুন! ষখন ইংলও দেশে নর্মাণ ফ্রেঞ্চ ভাষা প্রচলিত ছিল, তথন ঐ দেশে কোন স্থবিখ্যাত কবি আবি-

ভুত হন নাই,কিন্তু যখন ইংলণ্ডে দেশীয় ভাষার আলোচনা বৃদ্ধি ইইল, অমনি উন্নত-মানসিক-রত্তি-সম্পন্ন সেক্সপিয়র, মিলটন, বায়রণ প্রভৃতি কবি-কুল চুড়া ব্যক্তিগণ জনসমাজে कीर्तिनां कतिरानन ; यथन अर्थन रूपिन इरेट ফেঞ্চ ভাষা অন্তর্হিত হইল, তথন অমনিসুবি খ্যাত গোয়েখি, দিলর, ফ্রিনগ্র প্রভৃতি মহোদয়গণের চিত্তোদ্যান জর্মাণীয় কবিত্ব–কুস্থমে পরিপূর্ণ হইল। আসিয়া খণ্ডের প্রতিদৃটি-নিক্ষেপ করিলে দেখা যায়, যথন পারস্যদেশে আরব্য ভাষার অধিক আলোচনা হইত, তথন উক্ত দেশে কোন প্রসিদ্ধ কাব্য-প্রণেতা উদিত इन नाई, किन्छ रा সময়ে ঐ দেশে দেশীয় ভাষার আলোচনা রূদ্ধি হইল, তথন ফেরদোদি ইরাণের রাজরতান্ত লইয়া বীররস-পরিপুর্ণা ''সাহানামা" কাব্য প্রকাশ করিলেন, সাদিক্ষত উপদেশময় প্রান্থ সকল প্রচারিত হইল, এবং ভুবন-বিখ্যাত কবিবর হাফেজও শান্তি-রসময়ী কবিতা–মালা প্রকাশ দ্বারা জন-সমাজে যশো–

जाकन इरेट नाशिलन। अक्तर्ग माधातरा দেখন ৷ স্বদেশীয় ভাষা শিক্ষা দ্বারা জগতের কতদূর মঙ্গল সাধিত হইয়াছে। অতএব ব্যক্তি মাত্রেরই প্রথমতঃ স্বদেশীয় ভাষা উত্তমরূপ শিক্ষা করিয়া তৎপরে বিদেশীয় ভাষানুশীলনে প্রবৃত্ত হওয়া উচিত। এক্ষণে বিবেচনা করিতে হইবে, কিপ্রকারে দেশীয় ভাষার অনুশীলন বহুনরূপে হইতে পারে। অস্প্রুদ্ধির প্রভাবে এই মাত্র বল। যায় যে, বিদ্যামন্দির সংস্থাপনই তাহার প্রশস্ত উপায়। বিদ্যালয় সংস্থাপন পদ্ধতি সকল সভ্য-জাতির মধ্যে প্রচলিত আছে। वद्गराम् अहे अथ। वङ्कानाविध अहिन्छ रुहेश। व्यामिट उटहा जाहात है विवतन वर्गन করা বর্ত্তমান প্রস্তাবের উদ্দেশ্য। কিন্তু বঙ্গ-নেশের ইতির্ত্ত এতদুর অপরিজ্ঞেয় যে, প্রা-চীনকালের কোন বিবরণই বিশিউরূপ জ্ঞাত হওয়া যায় না। বঙ্গভাষার বিদ্যালয় সম্বন্ধে অধুনা যে সকল বিবরণ পাওয়া যায়, তাহারই সার মর্ম এছলে লিখিত হইল। যথাঃ---

খৃষ্টীয় উমবিংশ শতাব্দীর প্রারম্ভে মালদহ अर्पारण इलिर्धेन मारइव कर्जुक, अञ्चलभीय ভাষা শিক্ষাদানার্থ, কতকগুলি বিদ্যালয় স্থাপিত হয়। মান্যবর ইলটন সাহেব বন্ধদেশের এক জন মহে পকারী ব্যক্তি। তৎকালে ভাঁহার যত্নে বালকদিগের পাঠ্যপুস্তকের অনেক অভাব মোচন হইয়াছিল। তাহার কিছু দিন পূর্বের মহামান্য গ্রাবর জেনেরল লর্ড ওয়েলেস্লি ভাবিলেন, ইংলগু হইতে যে সকল নিবিল-म:-রবেণ্ট ভারতব্যে আগমন করিতেন, ভাঁহার৷ কেইই এতদেশীয় ভাষায় বুৎেপন্ন ছিলেন না। তন্নিমিত্ত রাজকার্য্যের অতান্ত গোল্যোগ হইত। লর্ড ওয়েলেস্নি সেই বিশৃগ্না দুর করিবার জন্য প্রয়াস পাইয়াছিলেন। সেই নিমিত্ত তিনি ১৮০০ খৃষ্টাব্দে "ফোট উইলিম কালেজ নামক" একটা বিদ্যামন্দির স্থাপন করেন। তাহাতে কেবল এতক্ষেশীয় ভাষা সমূহ শিক্ষা প্রদান করা হইত। ইংলও হইতে যে সকল ব্যক্তি সিবি-লিয়ান হইয়া এখানে আসিতেন, ভাঁহারা উপরি

উক্ত বিদ্যালয়টীতে অধ্যয়ন করিয়া পরীক্ষো-ভীর্ণ না হইলে স্বিসে প্রেশের অনুমতি পাইতেন না। পূর্বা কথিত ডাক্তার কেরি সেই বিদ্যালয়ের প্রান অধ্যাপকের আসন প্রাপ্ত হয়েন। এ চদ্দিন্ন উৎকল নিবাসী পণ্ডিতবর স্ত্যুঞ্জয় ও অন্যান্য অনেক উপযুক্ত পণ্ডিত মহাশয়েরা নিযুক্ত হইয়াছিলেন। এই সময়ে উক্ত বিদ্যালয়ের ব্যবহারার্থ বঙ্গভাষায় অনেক-গুলি পুস্তক রচিত ও মুদ্রান্ধিত হয়। ১৮১৪ খুঃ অব্দে পাদরি মে সাহেব চুচুঁড়া নগরীতে একটা বাঙ্গালা বিদ্যালয় প্রতিষ্ঠা করেন। ১৮১৫ খৃঃ অকের জুন মাস পর্যান্ত তথ প্রতি-ষ্ঠিত বিদ্যালয়ের-সংখ্যা ১৬টী হইয়াছিল। সেই সকল বিদ্যালয়ে ৯৫১ জন ছাত্র অধ্যয়ন করিছ। তাহার পর বিদ্যালয়–সংখ্যা ২৬টী হইলে, বদা-ন্যবর গবর্ণর জেনেরেল লর্ড হেফিংস কর্তৃক উপরোক্ত বিদ্যা-মন্দির সমূহের উন্নতি নিমিত্ত সাহায্য প্রদত্ত হয়। ১৮১৬ খৃঃঅদে পূর্ব ক্থিত বিদ্যালয় সমূহে ২,১৩৬জন বালক পাঠ করিত। এইরূপে ক্রমশঃ বিদ্যাল-য়ের সংখ্যা বর্দ্ধিত হওয়াতে অধিক শিক্ষকের প্রয়োষ্ণন হইতে লাগিল, তজ্জন্য শিক্ষক প্রস্তুত করণার্থ আর একটা স্বতন্ত্র বিদ্যামন্দির সংস্থা-পিত হয়। ১৮১৮ খৃঃ অব্দে বিদ্যালয়ের সং-খ্যা ৩৭টী হইয়:ছিল। তাহাতে ৩০০০ ছাত্র শিক্ষা প্রাপ্ত হইত। কিন্তু বঙ্গদেশের হতভা-গ্যতা দোষে এই সময়ে রেবরেগু মে সাহেব প্রাণ ত্যাগ করেন। তাঁহার পর পিয়ার্সন সংহেব উক্ত বিদ্যালয় সমূহের ভার গ্রহণ করেন। সদাশয় পিয়ার্সন এবং হার্লি এ দে-শের উন্নতির জন্য বিস্তর কায়িক ও মানসিক পরিশ্রম করিয়াছিলেন। এই হুই পাদরির প্রযাত্ত চন্দ্রন্গর ও কালনার মধ্যবতী স্থান সমূহে অনেকগুলি বাঙ্গালা বিদ্যালয় সংস্থাপিত হইরাছিল। ১৮১৯ খঃঅব্দে উক্ত মহো-দয়দিগের হস্তে চুচুঁড়া ও তাহার নিকটবন্তী স্থান সমূহে ১৭টা বিদ্যালয় ও ১৫০০ ছাত্র এবং বাকিপুরে ১২টী ক্ষুল ও ১২৬৬ জন বালক ভিল । সেই সকল কুলে মাক্রাজের শিক্ষা – প্রণালী অনুসারে শিক্ষা প্রদত্ত হইত। সেই বিদ্যালয় সকলের উন্নতির নিমিত্ত গবর্ণমেন্ট মাসিক ৮০০ টাকা সাহায্য প্রদান করিতেন।

চর্চ **মিসন সোসাইটাও বান্ধালা ভা**ষার উন্নতির জন্য চেষ্টা পাইয়াছিলেন। ১৮১৬ খঃ **ष्यास्य कोट्छन स्रोहर्म अहा अहा कर्ज्**क নিযুক্ত হইয়া বৰ্দ্ধমানে ছটী বিদ্যালয় প্ৰতিষ্ঠা করেন। পরে ১৮১৮ খৃঃঅব্দে তৎপ্রতিষ্ঠিত বিদ্যালয়ের সংখ্যা ১০টা হয়, তাহাতে ১০০০ ছাত্র অধ্যয়ন করিত। ফুরার্ট সাহেব সেই স-কল বিদ্যালয় স্থাপন সময়ে অনেক বাধা পাই-য়াহিলেন। বিশেষত সেই কালে তথায় ত্র:ক্সণ-শিক্ষকদিগের প্রতিষ্ঠিত ৫টা পাঠশালা ছিল। ত্রা-ক্ষণ শিক্ষক মহাশয়েরা লাভও ধর্মলোপাশস্কায় মিদনরিদিগের বিপক্ষতাচরণ আরম্ভ করেন। কিন্ত যোগ্যবর ফুরার্ট সাহেবের কার্য্য দক্ষতা-গুণে সেই সকল বিদ্ন পরিশেষে নিবারিত হইরাছিল। তিনি চুচুঁড়াস্থ মে সাহেবের

শিক্ষা প্রণালীর অনুকরণ করেন। সেই সকল পাঠশালায় ম দিক ২৪০ টাকা ব্যয় হইত।

১৮১৯ খৃটাব্দে "কলিকাতা স্কুলবুক সোসাইটী" কতকগুলি বিদ্যালয়ের কর্তৃত্বভার গ্রহণ করেন। তাহাতে বর্দ্ধানস্থ ই রাট मार्ट्य अगी व नियमानि अविन इरेश हिल। দেই সকল বিদ্যালয়ের প্রত্যেকটীর প্রতি ১৬ টাকা ব্যয় পড়িত। এই সময়ে এতদ্দে-শীয়গণও নিদ্রিতাবস্থায় ছিলেন না, তাঁহা\_ দিগের অধীনেও ১০টী বিদ্যালয় প্রতিষ্ঠিত হই-য়াছিল; এবং ভাঁহারা সেই সকলের উন্নতির নিমিত্ত এতদুর যত্নবান হইয়াছিলেন যে, প্রথম वरमात्र है है। से अ वक को लीन मान ४००० है। का সংগ্রহ করেন। মাননীয় ডেবিড হেয়ার সাহেবের পরোপকারিতার বিষয় কাহারও অবিদিত নাই। তিনি নিজাৰ্জ্জিত তাবৎ সম্পত্তি ও জীবনের অধিকাংশই এ দেশের মঙ্গলজন্য ক্ষেপণ করি-য়াছিলেন। তিনি হত রাজা সর রাধাকান্ত দেব ৰাহাছবের সহায়তায় বঙ্গভাষার ও বঙ্গ বিদ্যা-

লয়ের উন্নতি বিধানে প্রবৃত্ত হন। ভাঁহারই
প্রথত্নে কলিকাতা ও অন্যান্য স্থানের গুরুপাঠশালা সকল উন্নতাবস্থা প্রাপ্ত হইয়াছিল।
তৎকর্ত্ত্ব অনেক বিদ্যালয় সংস্থাপিত হয়।
তমধ্যে "সেন্টারল বর্ণাকিউলার কুল" নামক
বিদ্যালয়টী প্রধান। এই পাঠশালায় হুই শত্ত্বালক অধ্যয়ন করিত।

১৮২১ খৃঃ অব্দে ১১৫টী বান্ধালা বিদ্যালয় ছিল। ১৮৩৩ খৃঃ অব্দ পর্যান্ত ঐ সকল বিদ্যালন্ত লয়ের কার্য্য অভিতংক্ষারপে চলিয়া আইসে। ঐ সকল বিদ্যালয় ১৮২৩ খৃঃ অব্দে গবর্ণমেন্ট হইতে ৫০০ টাকা সাহায্য প্রাপ্ত হইয়াছিল। তথন ঐ সকলে ৩,৮২৮ জন ছাত্র শিক্ষা প্রাপ্ত হইত।

কলিকাতাস্থ চর্চ্চনিসনরি এসোসিয়েসন দেশীয় ভাষার অনেকগুলি বিদ্যামন্দির স্থাপন করিয়াছিলেন। সেই সকল পাঠশালায় ছাত্র সংখ্যা ছয় শতের অধিক ছিল না। এই সময়ে বাপ্টিক্ট মিসনরি সোসাইটা এবং লণ্ডন মিসনরি সোসাইটী দ্বারারও অনেকগুলি বাঙ্গালা পাঠ-শালা প্রতিষ্ঠিত হইয়াছিল।

১৮২১ খৃঃ অব্দে চর্চনো দাইটী কলিকাতা স্থ সুল বুক সোনাইটীর নিকট হইতে কতকগুলি বিদ্যালয়ের ভার প্রাপ্ত হন। তাঁহারা সেই সক-লের তত্ত্বাবধানার্থ জোঠার সাহেবেকে নিযুক্ত করেন। ১৮২২ খৃঃ অব্দে একথানি পুস্তকে যীশুখৃটের নাম দর্শন করত অক্যাৎ কতকগুলি বালক বিদ্যালয় পরিত্যাগ করিয়াছিল।

মিদ কুক া । একটা ইউরোপীয় স্ত্রীলোক ১৮২১ খৃঃ অব্দে মাননীয়া লেভী হেন্টিংদের উৎসাহে চর্চ্চ মিদনরি সোদাইটার সহিত সং অব রাখিয়া কলিকাতায় বালিকা বিদ্যালয়ের প্রথম স্থ্রপাত করেন। ১৮২২ খৃটাব্দে তৎ প্রতি-স্ঠিত বিদ্যালয়ের সংখ্যা ২২টা হয়। তাহাতে ৪০০ বালিকা অধ্যয়ন করিত।

"খৃষ্টান নলেজ দোসাইটী" ১৮২২ অব্দে প্রথম সার্কেল স্কুল সংস্থাপন করেন। তাঁহাদি -গের প্রতিষ্ঠিত প্রত্যেক সার্কেলে ৫টী করিয়া বজ- পাঠশালা ও একটী দেণ্ট্রাল ক্ষুল ছিল। পূর্বের যে সকল সার্কেল ছিল,তমধ্যে টালিগঞ্জ, হাবড়া, ও কাশীপুর অতি প্রধান। ১৮৩৪ অবদ প্রপোন্ গেসন সোসাইটী ঐ সকল বিদ্যালয়ের ভার গ্রহণ করেন। তাহাতে ৬৯৭ জন বালক অধ্যান য়ন করিত। ১৮২৪ শৃঃ অবদ "সেণ্ট্রাল ক্ষুল" এবং ১৮৩৭ অবদ "আগড়পাড়া অরফ্যান রেফিউজ" নামক বিদ্যালয় প্রতিষ্ঠিত হয়।

তৎপরে স্থবিখ্যাত ড্রিঙ্ক ওয়াটর বেথুন সাহেবের বালিকা বিদ্যালয় স্থাপিত হইয়াছে।

১৮৫৫ খৃ টাব্দের ১৭ই জুলাই গবর্ণমেন্টের আজ্ঞানুসারে শ্রীযুক্ত ঈশ্বরচক্র বিদ্যাদাগর মহাশয় কর্তৃক কলিকাতা নর্মাল বিদ্যালয় দং— ছাপিত হয়। সেই সময়ে শ্রীযুক্ত বারু অক্ষয়— কুমার দত্ত ইহার প্রধান শিক্ষক ছিলেন। শ্রীযুক্ত পণ্ডিত্তবর মধুস্থান বাচস্পতি মহাশয় দিতীয় শিক্ষকের পদপ্রহণ করেন। কিছুকাল পরে শ্রীযুক্ত রাজক্ষণ গুপ্ত মহাশয় তৃতীয় শিক্ষক হন।

তৎপরে ভ্গলি ও ঢাকাস্থ নর্মাল বিদ্যালয় প্রভৃতি অনেকগুলি দেশহিতকর বিদ্যামন্দির প্রতিষ্ঠিত হয়। এতদ্তির এক্ষণে বঙ্গদেশের নানা স্থানে কত শতবিদ্যালয় স্থাপিত হইয়াছে ও হইতেছে,তাহার নিশ্চয় করা অত্যন্ত স্কুকঠিন।

## (বাঙ্গালা সংবাদ পত্ৰ)

প্রায় ৫২ বৎসর অতীত হইল, বঙ্গদেশে বাঙ্গালা পত্রিকার প্রথম প্রচলন আরম্ভ হইন্যাছে। বঙ্গদেশের শুভার্ধ্যায়ী শ্রীরামপুরস্থ মিসনরিগণ ইহার প্রথম উদ্যোগী। ১৮১৮ খৃ ফীর অন্দের এপ্রেল মাসে পূর্বে কথিত ডাক্তর মার্সমান সাহেব "দিকার্শন" নামক একথানি বাঙ্গালা মাসিক পত্র প্রকাশ করেন। তাহাতে নানাবিধ হিতকর প্রবন্ধ ও সংবাদাদি লিখিত হইত, কিন্তু তাহা প্রথম সংখ্যা মুদ্রিত হইয়াই "সমাচার দর্পণি" নাম ধারণ করত সাপ্তাহিক নিয়মে প্রচার আরম্ভ হয়। ডাক্তার কেরি সাহেব এই পত্র প্রচারণ

বিষয়ে অনেক আপত্তি করিয়াছিলেন। কিন্ত তাঁহার আপত্তি কোন ফলদায়ক হয় নাই। গব-র্ণর জেনেরল লর্ড হেফিংসও মিসনরিদিগের এই মহৎ কার্য্যে সম্ভুষ্ট হইয়া, ইহার উন্নতির নিমিত ভৎকালপ্রচলিত ডাক মাশুলের চতুর্ধাৎশে ইহা বিতরণের অনুমতি দেন। স্ত বাবু দ্বারকা-নাথ ঠাকুর সমাচার দর্পনের প্রথম গ্রাহক শ্রেণী মধ্যে ভুক্ত হন, তৎপরে অন্যান্য স্বদেশ\_ প্রিয় মহোদয়গণ তাহার উন্নতিকম্পে ত্রতী ইয়াছিলেন। সমাচার দর্পণ প্রকাশের এক পক্ষ পরে 'ভিমির নাশক" নামক একথানি সংবাদ পত্ৰ কলিকাতা হইতে প্ৰকাশিত হইতে আরম্ভ হয়। একজন বঙ্গবাসী ইহার সম্পাদক ছিলেন। ৰাঙ্গালী কর্ত্তৃক এই প্রথম সংবাদ পত্র প্রচার হয়। হঃখের বিষয়, তিমির নাশক স্বকীয় নামের সার্থকতা সাধন করিবার পূর্ব্বেই বঙ্গসমাজ হইতে অন্তহিত হইয়াছিল !

উহার কিয়দিন পরে প্রাচীনতম ''সমাচার চন্দ্রিক।'' কলিকাতা হইতে প্রকাশিত হয়। হত বারু ভবানীচরণ বন্দ্যোপাধ্যায় উক্ত পত্রিকার সম্পাদক ছিলেন। সময়ে সময়ে সমাচার দর্পণ ও চন্দ্রিকায় তুমুল সংগ্রাম হইত ৷—যথন গবর্ণ-মেণ্ট সহমরণ প্রথা নিবারণ জন্য সচেষ্ট হয়েন, তখন সেই বিষয় লইয়া পূৰ্ব্বোক্ত পত্ৰদ্বয়ে অত্যন্ত আন্দোলন হইয়াছিল। সমাচার দর্পণ উক্ত द्वनी ि मः भाषन कना पातक श्राम পাইয়াছিলেন, কিন্তু চন্দ্রিকায় বিপরীত মত ব্যক্ত ইয়। চন্দ্রিকা হিন্দু-সমাজের প্রতিপো-ষিকা ছিলেন। খুষ্টানদিগের অফথা আক্রমণ হইতে হিন্দু ধর্মকে রক্ষা করণার্থ এই পত্রিকা প্রচারিত হইয়াছিল। রাজা সর রাধাকান্ত দেব বাহাতুর ও অন্যান্য হিল্পুর্ধর্মানুরাগী মহোদয়গণ চন্দ্রিকার অনেক উপকার করিয়াছিলেন। যাহা হউক, দর্পণ ও চন্দ্রিকা প্রায় ক্রমাগত দশ বংসর প্রতিযোগিতা করিয়াছিল। তদন্তর প্রথমোক্তখানি জনসমাজ পরিতাগ করে, শেষোক্ত চক্তিকা এখনে৷ যথানিয়মে বহিগত হইয়া স্বদেশের উপকার সাধন করিতেছে।

গ্রন্থকর্ত্তাদিগের বিবরণ লিখিবার সময়ে কথিত হইয়াছে, ১২৩৭ সালের ১৬ই মাঘ হইতে "দংবাদ প্রভাকর" পত্রের প্রচার আ-রম্ভ হয়। কলিকাতাত মৃত মহাত্মা বোগীক্র মোহন ঠাকুর এই পত্র প্রচারণের বিস্তর माहाया कतियाहित्वत । व्यथमञ् माश्राहिक নিয়মে চলিত, ১২৪০ সালের ২৭এ প্রাবণ বুধ-বার হইতে তিন বৎসর কাল সপ্তাহে তিনবার করিয়া মুদ্রিত হয়, ১২৪৬ সালের ১লা আবাঢ় অব্ধি বর্ত্তমান সময় পর্য্যন্ত ষ্থা নিয়মে প্রত্যহ প্রকাশিত হইয়া আসিতেছে। শ্রীযুক্ত বারু রামচন্দ্র গুপ্ত ইহার বর্ত্তমান সম্পাদক। মান্য-বর বাবু ভুবনচক্র মুখোপাধ্যায় তাঁহার সহ-কারিতা করিয়া থাকেন। প্রভাকরের পর সংবাদ পূর্ণচক্রোদয় পত্র প্রকাশিত হয়।

১২৪২ সালে 'সংবাদ ভক্ষার" পত্র প্রথম উদয় হয়। মৃত গোরীশঙ্কর ভট্টাচার্য্য মহাশয় এই পত্রের জন্মদাতা। ভট্টাচার্য্য মহাশয় থর্বাকার ছিলেন, এ জন্য তাঁহাকে সকলে "গুড় গুড়ে ভট্টাচার্য্য" বলিয়া ডাকিত। তিনি স্বলেথেক ছিলেন, ভাঁহার গদ্যপদ্য উভয়বিধ রচনা করিবার ক্ষমতা ছিল। ভাঁহার দারা অনেকগুলি বিলুপ্ত পুস্তক আবিদ্বত ও অন্বলাদিত হইয়াছে। তিনি পরলোক গত হইলে বর্ত্তমান সময় পর্য্যন্ত শ্রিমুক্ত ক্ষেত্রমোহন বিদ্যানরত্ব মহাশ্য নানা বিদ্যা বিপত্তি অতিক্রম করত ভাক্ষরকে জীবিত রাথিয়াছেন।

১৭৬৫ শকে (১২৫০ সালে) তত্ত্বাধিনী সভার
পত্রিকা প্রকাশ হইয়াছিল। এই পত্রিকা সম্বন্ধে
পূর্বেই এক প্রকার কথিত হইয়াছে, অতএব এন্থলে
তাহা পুনক্রক্তি করিবার প্রয়োজন নাই। অনন্তর "সাধুরঞ্জন" ও "পাষণ্ড পীড়ন" নামক হুই
খানি সাপ্তাহিক পত্র প্রভাকর সম্পাদক ঈশ্বর
বারু দ্বারা প্রকাশিত হইয়াছিল। "পাষণ্ড
পীড়ন" ১২৫৩ সালের ৭ই আষাঢ় দিবসে
প্রথম মুদ্রিত হয়। সীতানাথ ঘোষ নামক এক
ব্যক্তি তাহার নামধারী সম্পাদক ছিলেন, কিন্তু
কবিবর ঈশ্বর গুপুই তাহার সমুদায় কার্য্য করি-

তেন। পূর্বোক্ত পত্রদ্ব প্রথমতঃ নানা প্রকার উৎক্ট উৎকৃট প্রবন্ধ দারা অলঙ্গুত করা হইত, কিন্তু কিছুকাল পরে ভাক্ষর সম্পাদক গৌরী শঙ্কর ভট্টাচার্য্য ''রসরাজ' পত্র প্রচার করেন। এক ব্যাবসয়ী লোকেরা কথনই মিলিতভাবে থাকিতে পারে না। স্কুতরাং কবিবর ঈশ্বর গুপ্ত ভাক্ষর সম্পাদকের প্রতিপক্ষ হইয়া উঠি-লেন। তাঁহারা প্রকাশ্যরূপে পরস্পরের কুৎসা প্রকাশ করিতে লাগিলেন। ১২৫৪ সালের ভাদ্র মাসে নামধারী সম্পাদক সীভানাথ ঘোষ পাষও পীড়নের শীর্ষক পংক্তি গো-পনে লইয়া পলায়ন করেন। তাহার পর ভাক্ষর মন্ত্রালয় হইতে হুই এক সংখ্যা বা-হির হইয়াই লুক্কায়িত হয়। রসরাজ জীবিত থাকিরা আর কিছুকাল উৎপাত করিয়াছিল। তাহার সমকালে '' যেমন কর্ম তেমনি ফল" নামক একখানি পত্রের প্রচার হয়। সংস্ত কালেজের একজন কৃতবিদ্য ছাত্র তাহা সম্পাদন করিতেন। এই পত্রের সহিতও

রসরাজের কলহ হইয়াছিল। সেই বিবাদ উপলক্ষে যেমন কর্ম তেমনি ফলের স্ত্যু হয়, রসরাজ তাহার পরেও মুদ্রিত হইয়া আদিতে ছিল, কিন্তু ১২৭৫ সাল অব্ধি আর জনসমাজে বহির্গত হয় নাই।

ইহার পূর্ব্বে ''সমাচার স্থাবর্ষণ'' নামক পত্র প্রচারিত হয়।

১৮৫৪ খ্রং অব্দে (১২৬১ সালে) বঙ্গবিদ্যা প্রকাশিকা নামী পত্রিকার প্রচারণ আরম্ভ হয়। প্রথমতঃ ইহা নানা প্রকার উন্নতি সাধক প্রবন্ধ সমূহে পরিপৃত্তি হইয়া, মাসিক নিয়মে প্রকাশিত হইত। প্রিযুক্ত বারু নবীনচন্দ্র আচ্য মহাশায় ইহার সম্পাদক। সম্পাদক গুরুতর পরিশ্রম ও অর্থ ব্যয় করতঃ, এক্ষণে এই পত্রিক। খানি প্রাত্তহিক রূপে প্রকাশ ক্রিতেছেন।

১২৬৩ নালে গবর্ণমেন্ট শিক্ষা-বিভাগের নিমিত্ত "এডুকেশন গেজেট" নামক একখানি বাঙ্গালা-পত্ত প্রকাশেজুক হন। পাদরি স্মিথ সাহেবের প্রাটি এই পত্র সম্পাদনের ভার অপিতি হয়। প্রথমে কলিকাতার দক্ষিণাংশ প্রসূত্র নামক স্থান হইতে প্রকাশিত হইত। তৎপরে বারু প্যারীচরণ সরকার মহোদয় সম্পাদকতা গ্রহণ করেন। ইঁহার সময়ে এডুকেশনের অত্যন্ত উন্নতি হই্য়াছিল। কয়েক বংসর হইল, তিনি ইহার সম্পাদকত্ব পরিত্যাগ করিয়া ছেন। এক্ষণে উহার সমস্ত ভার মান্যবর ভূদেব মুখোপাধ্যায় মহাশয়ের হস্তে অপিত হইয়াছে। বর্ত্তমান সময়ে এডুকেশন গেজেট ভূগলি বুধোদয় যন্ত্ৰ হইতে যন্ত্ৰিত হইয়া প্ৰকাশিত হয়। পূর্বে গবর্ণমেণ্ট মাসিক ৩০০ টাকা সাহায্য প্রদান করিতেন, ভূদেব বারুর সময়ে তাহা রহিত করিয়াছেন।

১২৬৪ সালে দেশহিতৈষী বাবু রাজেন্দ্রনাল
মিত্র মহাশয় দ্বারা বর্ণাকিউলার লিটারেচর
সোসাইটীর সহায্যে 'বিবিধার্থনং গ্রহণ প্রচা–
রিত হয়। সেই পত্র প্রতি মাসে মুদ্রিত হইত।
হত বাবু কালীপ্রসন্ন সিংহ মহোদয়ও কিছুকাল
তাহা সম্পাদন করিয়া ছিলেন। বিবিধার্থ-

সংগ্রাহ এক্ষণে জীবিত নাই; তাহার পরিবর্ত্তে ''রহন্য–সন্দর্ভণ প্রকাশিত হইতেছে।

১২৬৫ সালে 'বোমপ্রকাশণ প্রচারিত হয়। প্রথমতঃ ইহা কলিকাতায় মুদ্রিত হইত। কিন্তু এক্ষণে উহা কলিকাতার দক্ষিণ চাঙ্গড়ি-পোতা নামক স্থান হইতে সাপ্তাহিক নিয়মে প্রকাশিত হইতেছে। সংস্ত কালেজের সাহিত্য অধ্যাপক পণ্ডিতবর দ্বারকানাথ বিদ্যা-ভূষণ ইহার সম্পাদক। বারু বিপ্রদাস বন্দ্যো-পাধ্যায় ভাঁহার সহকারী। ইত্যথে শ্রীযুক্ত বারু ভুবনচন্দ্র মুখোপাধ্যায় প্রায় হুই বৎসর কাল তাঁহার সহকারী সম্পাদক ছিলেন। সংবাদ পত্রের বে সকল গুণ থাকা আবশ্যক, সোম-প্রকাশে তাহার কিছুরই অভাব নাই; তজ্জন্যই বঙ্গসমার্জে ইহার এত মান রূদ্ধি হইয়াছে।

১২৬৭ সালের বৈশাখ হইতে 'ভোরত-বর্ষীয় সংবাদপত্র" নামক একথানি পত্র প্রকা-শিত হইয়াছিল। রত্নাবলী নাটকের মর্মানুবাদক শ্রীযুক্ত তারকনাথ চূড়ামণি কর্ত্ত্বতাহা সম্পাদিত হইত। কতিপয় ধনাত্য ব্যক্তি এই উন্নতিসাধক কার্য্যের নিমিত্ত ১৫৪৪ টাকা সাহায্য
দান করিয়াছিলেন। সেই পত্র পক্ষান্তরে
প্রকাশ হইত। ছঃখের বিষয়, বিনা মূল্যে
বিতরণ জন্য সেই খানির সৃষ্টি হয়, স্মৃতরাং
অপণ দিন জীবিত থাকিয়াই অতুর্হিত হইয়াছে।

ঐ বৎসর "পরিদর্শক" পত্র প্রচার হয়। পণ্ডিতবর জগমোহন তর্কালকার ও মদনগোপাল গোস্বামী ইহার প্রথম দৃক্তি করেন। ১২৬৯ সালের ১লা অগ্রহায়ণ হইতে হত বাবু কালী-প্রসন্ন সিংহ মহোদয় উহার সম্পাদকত্ব গ্রহণ कतियाहितन। এই ममरा পतिमर्भक मीर्घ কলেবর ধারণ করে। 🕲 যুক্ত জগন্মোহন তর্কা-লঙ্কার ও এীযুক্ত বারু ভুবনচক্র মুথোপাধ্যায় মহাশয় এই পত্রের সহকারী ছিলেন। ঐ বৎসর মধ্যে 'সেংবাদ সজ্জনরঞ্জন" ও ''ঢাকা-প্রকাশণণনামক আর ছ্ইথানি পত্রের সৃষ্টি হয়। প্রথমোক্ত পত্র অকালে অন্তর্হিত হইয়াছে, ঢাকাপ্রকাশ এখনও প্রতি সপ্তাহে বহির্গত হয়।

অতঃপর ১২৭১ সালে ''হিন্দুহিতৈষিণী'' গত্রিকা প্রচারিত হইয়াছে। পূর্ব্বে বারু হরিশ চন্দ্র মিঞ্জ ইহার সম্পাদক ছিলেন।

তৎপরে 'গ্রোমবার্ত্তাপ্রকাশিকা" ''অস্তবাজার পত্রিকা" 'প্রেরাগদূত" 'হিন্দুরঞ্জিকা" ইত্যাদি
প্রকাশিত হইয়া জনসমাজের প্রভৃত উপকার
সাধন করিতেছে। এতদ্তির যে কত ক্ষুদ্র ক্ষুদ্র
পত্রিকা বন্ধভাষার উন্নতি লক্ষ্য করত বাহির
হইয়াছিল ও হইতেছে, তাহার ইয়ভা করা যায়
না। এক্ষণে অস্মদেশের অবস্থা উন্নত। আবাল
রদ্ধ সকলেই স্বদেশ ও স্বদেশীয় ভাষার প্রতি
বিশেষ মনোযোগী হইয়াছেন। এই নিমিত্তই
বান্ধালা পত্রিকার দিন দিন গৌরব রিদ্ধি হই—
তেছে। দেশীয় সংবাদপত্র যতই প্রকাশিত
হইবে, ততই মঙ্গল।

পরিশেষে মহাত্মা প্রজাহিতেরী গবর্ণর দর চার্ল্স্মেট্কাফ্ সাহেবকে ধন্যবাদ না দিয়া প্রস্তাব শেষ করিতে পারিলাম না। তিনি ছয় মাস এই দেশ শাসন করিয়া অনেক উন্নতি-

সাধক কার্য্যের অনুষ্ঠান করিয়াছিলেন। ভাঁছার পূর্ব্বে এদেশীয় (কি ইংরাজী কি বাঙ্গালা) সংবাদপত্র সকল গবর্ণমেণ্টের নিয়োজিত কর্ম-চারী দ্বারা পরীক্ষিত না হইলে, যন্ত্র হইতে বাহির হইত না। তন্নিবন্ধন পত্রিকা সম্পা-দকদিগকে বিশেষ ক্ষতি সহ্য করিতে হইত, স্বাধীন মতও প্রকাশ করিতে পারিতেন না। সদাশয় মেট্কাফ্ সাহেব সেই গোলযোগ নিবারণের জন্য মুদ্রাযন্তের স্বাধীনতা প্রদান করিয়াছেন। তিনি অধিক কাল এদেশে থাকিলে অসাদেশের অত্যন্ত মঙ্গল হইত। তাঁহার নিমিত্ত এক্ষণে সকলে স্বাধীন ভাবে মনোভাব ব্যক্ত করিতেছে, স্বদেশের কুরীতি সকল সং-শোধনার্থ লেখনী ধারণ করিতেছেন; ভাঁছারই মহামুভাবতায় অশিক্ষিত প্রজাগণ রক্ষা পাই-তেছে: তাঁহা হইতেই দ্বস্টমতি রাজ্বর্মচারিগণের অত্যাচার নিবারিত হইয়াছে। যে মহোদয় দ্বারা এতদুর উপকার সাধিত হইয়াছে, বঙ্গসমাজের ক্লতজ্ঞ অন্তরে ভাঁহাকে ধন্যবাদ দেওয়া কর্ত্তব্য।

## পরিশিষ্ট

যাঁহাদিগকে লইরা বঙ্গভাষা, যাঁহারা বঙ্গভাষাকে ভাষানধ্যে গণ্য করিয়াছেন ও করিতেছেন, উপসংহারে তাঁহাদিগের বিষয় সমালোচনা করা নিতান্ত আবশ্যক ও কতজ্জতার উপদেশ। কিন্তু এই ক্ষুদ্র পুস্তকে তাহা সাধ্যাতীত। তথাচ একবারে পরিত্যাগ করাও অবিধ্য় বিবেচনায় যথা সাধ্য নিম্নে সংক্ষিপ্ত বিবরণ এহণ করিলাম।

এই বিষয় পর্যালোচনা করিবার প্রথমেই পণ্ডিতবর শ্রীযুক্ত ঈশ্বরচন্দ্র বিদ্যাদাগর মহাশয় আমাদিপের
বরণীয় হইতেছেন। বিদ্যাদাগর মহাশয়ের নামোটোরণ মাত্রেই আমাদিগের অন্তঃকরণ এক অপূর্ব ভাবে
আপ্লুক্ত হয়। বস্তুতঃ তাঁহার করপল্লবনিংস্ত বেতাল
পঞ্চবিংশতি, বিধ্বাবিবাহ, সীতার বনবাদ, শকুন্তলা,
ভ্রান্তিবিলাদ, জীবনচরিত, চরিতাবলী, বোগোদয়
প্রভৃতি এবং সংস্কৃত ভাষা ও সংস্কৃত সাহিত্য বিষয়ক
প্রভাব, যিনি একবার পাঠ করিয়াছেন, তিনি কথনই
তাঁহাকে বিশ্বত হইতে পারিবেন ন।। উৎকৃত্য রচনা,
উৎকৃত্য বিদ্যানুরাগ, সমাজসংক্রণ ও দানশীলতাদি
বহুবিধ সগদুণ ইঁহার শোভাময় অলক্ষার। এই

জন্যই তাঁহার যশঃপ্রভা দেশ বিদেশে বিস্তৃত হইয়াছে।

দ্বিতীয় জীযুক্ত বারু অক্ষয়কুমার দন্ত মহাশয়। স্ন-মধুর ও কোমল গদ্য রচনায় ইনি বিদ্যাসাগর অপেক্ষা কোন অংশে ত্যুন নহেন। ই হার বর্ণিত বিষয় সকল অধিক শিক্ষাপ্রদ ও প্রীতিকর। ইনি কবিতাও রচনা করিতে পারেন। "অনম্প্রমাহন কাব্য" ই হার রচনা। পরিতাপের বিষয়! এই পুস্তকথানি অতিশয় অপ্রাপ্য হইয়াছে। অক্ষয়বারুর অংধিকাংশ প্রবন্ধ ইংরাজী হইতে অনুবাদিত, কিন্তু তাঁছার রচনার এমনি অপুর্ক কৌশন যে, কিছুকান পরে তাহাকেই মূল বলিয়া লো-কের ভ্রম হইবে। ইনি "তত্ত্বোধিনী পত্রিকা" প্রথম হইতে ১৭৭৭ শক পর্যান্ত সম্পাদন করিয়াছেন। এই পত্ৰিকাও সংবাদ প্ৰভাকরে যে সকল প্ৰবন্ধ লিখিত হইয়াছিল, তাহাই সঞ্চলন করিয়া তিনভাগ চারুপাঠ, বাহ্য বস্তুর সহিত মানবপ্রকৃতির সম্বন্ধবিচার ছুইভাগ, পদার্থ বিদ্যা, ধর্মনীতি এবং ভারতবর্ষীয় উপাসক-সম্প্রদায় নামক ৮থানি পুত্তক প্রকাশ করিয়াছেন। অনেকে ইঁহাকে বঙ্গভাষায় স্বিখ্যাত এডিসনের সহিত তুলনা করিয়া থাকেন। বাস্তবিক অক্ষয়বারু এই তুল-নার অফোগ্য পাত্র নন।

সন্দুণাধার বারু রাজেজ্ঞলাল মিত্র বহুকাল হইতে বঙ্গুভাষার রমণীয় উদ্যানে বিহার করিতেছেন।

সদেশহিতকর এমন অম্প বিষয়ই আছে, যাহাতে রাজেন্দ্রবার আহলাদের সহিত যোগ না দেন। বর্ণা-কিউলার লিটারেচর সোসাইটার ইনি একজন প্রথান অধ্যক্ষ। এই সভার "বিবিধার্থ-সংগ্রহ" তৎকর্ত্তক সম্পাদিত হইত। তাহার পরিবর্বে "রহস্য-সন্দর্ভ" পত্র লিখিত হইতেছে। উক্ত পত্রবয়ের উৎকর্ষের বিষয় পূর্বেই কহা হইয়াছে। ঐ তুই পত্রের বর্ণিত বিষয় কেবল বিজ্ঞবর রাজেন্দ্রবাবুর বহুদর্শিতা ও বিদ্যান্মরাগিতার পরিচয় দিয়া থাকে। এতদ্ভিম পত্র-লিথিবার ধারা প্রভৃতি কতকগুলি অত্যানশ্যক পুস্তক, मुपुणा गानिष्ठित ও अग्रदमभीय आहीन कीर्खिकनारशव ফটো প্রাক্ সমূহ তাঁহার ছারা প্রচারিত হইয়াছে। হঁহার ন্যায় প্রাচীন ইতিহাস অনুসরিৎসু বাক্তি বান্ধানী সমাজে দ্বিতীয় নাই বলিলেও অত্যুক্তি হয় না। ইনি এই উদ্দেশে মধ্যে মধ্যে অনেক স্থান ভ্রমণ করিয়া থাকেন। কেবল এই মাত্র গুণ নয়, এসিয়াটিক সো-সাইটার অধিবেশনে ইনি সচরাচর যে সকল ছুল ভ পদার্থের আবিষারবিষ্যাণী গোষণা পাঠ করেন, তাহা সাধারণের বিশেষ চিত্তাকর্ষক ও বিশেষ উপ-কারক। বিজ্ঞানশাস্ত্রের চর্চ্চায়ও ইহার আপ্তরিক উৎসাহ ও অনুরাগ আছে। ৭।৮টা ভাষায় ই হার যথোচিত বাৎপত্তি থাকাতে মনোগত দকল ইচ্ছাই প্রায় তিনি কার্য্যে পরিণত করিতে সক্ষম হইতেছেন।

মৃত বারু কালী প্রসন্ধ সিংহ মহোদয় মাতৃভাষার বিশেষ উপকার সাধন করিয়া গিয়াছেন। জাঁহার মেধাশক্তি এত প্রথরা ছিল যে, তিনি সপ্তদশ বর্ষ वशः क्रम कारल मश्कुछ विक्रामार्क्तभी नांचरकत अञ्चराम করেন। মৃত কাশীরাম দেব যেমন মহাভারত পদ্যে লিখিয়া সংস্কৃতানভিজ্ঞ বাস্থালীগণের স্কুবিধা করিয়া-চেন, তেমনি সিংহ মহোদয় দারা মূল মহাভার**ত** অবিকল উৎকৃষ্ট গোড়ীয় সাধুভাষায় অনুবাদিত হও-য়াতে সর্বসাধারণের অধিকতর উপকার হইয়াছে। কালীপ্রসন্ন বাবুর এই কার্য্য তাঁহার জ্ঞীবনের দৃঢ়তর কীর্ত্তিস্কস্ত। যে মহাভারত বর্দ্ধমানাধিপতি বাহাতুর শত শত পণ্ডিত নিযুক্ত করিয়াও অদ্যাপি শেষ করিতে পারিলেন না, কালীবাবু ৮ বৎসরের মধ্যে সেই স্মবিস্তৃত মহাভারত সম্পূর্ণ করিয়া সাধারণকে বিনা মূল্যে বিভরণ করিয়াছেন। সুবিখ্যাত সিংহ মহোদ্য ভারত অনুবাদ করিয়াই যে নিশ্চিন্ত ছিলেন এমন নহে, "হুতোম পাঁচাচার নক্শা" রচনা করিয়া বঙ্গ ভাষায় একপ্রকার নূতন রচনাপ্রণালী উদ্ভাবন করিয়া গিয়াছেন। ইহা ব্যতীত তাঁহার স্বরচিত আরও কয়েকখানি প্রস্থ আছে।

স্মবিখ্যাত বারু টেক্টাদ ঠাকুর মহোদয়ের আলালের ঘবের জুলাল, রামারঞ্জিকা, যথকিঞ্জিৎ, মদ খাওয়া বড় দায় ইত্যাদি পুস্তকও বঙ্গ ভাষার গৌরব স্বরূপ।

কবিবর শীযুক্ত বাৰু রঙ্গলাল বন্দ্যোপাধ্যায় ও মাই-কেল মধুস্থদন দত্ত বহুদিন ছইল কবিষ্পো-মুকুট শিরে গারণ করিয়াছেন। ই হারা উভয়েই নির্থক শকা-লঙ্কার ধারা আপনাদিগের ক্রা পরিপূর্ণ করেন নাই। ভাবশক্তিতে মেঘনাদ ও পদ্মিনীর উপাখ্যান শ্রেষ্ঠ। শ্রীয়ুক্ত বারু রঙ্গলাল বন্দ্যোপাধ্যায় পল্মিনীর উপাধ্যান, কর্মদেবী ও শূরস্বদরীর রচয়িতা। প্রথমোক্ত এস্থ্-ছয়ের নিমিত্ত তিনি বিশেষ বিখ্যাত হইয়াছেন। মান্যবর মাইকেল মধুস্থান দত্ত মহোদয় বক্সভাষার অমিত্রাক্ষর ছন্দের ''আদি পিতা'' বলিয়া বিধ্যাত। ইনি ক্রমান্বয়ে শর্মিষ্ঠা, পদাবতী, তিলোত্তমাসম্ভব कोता, একেই कि वटन मछाछो, बूर्ड़ा मोलिकित घार्ड (तं शा, तमचनाम वह कावा, खक्कान्यना कावा, क्रक्क्माती नांचेक, वीवांक्रना कांचा, ठडूर्फम श्रेषी कविडावली नांगक ১০খানি পুত্তক লিখিয়াছেন। শেষোক্ত গ্রন্থানি ফ্রান্সরাজ্যের অন্তঃপাতী ভার্সেনিস নগর হইতে কলি-কাতায় মুদ্রাঙ্কনার্থ প্রেরিত হয়। কবিবর ইটালিক্ ভাষা হইতে আদর্শ লইয়া বঞ্চভাষায় চতুর্দশ পদী কবিতার সৃষ্টি করিয়াছেন। এতস্তির আরও কয়েক প্রকার ভূতন ছদ্দঃ তৎকর্তৃক প্রচারিত হইয়াছে।

প্রীণুক্ত বাবু বিশ্বমনন্ত চট্টোপাধ্যায় একপ্রকার নূতন রচনা প্রণালী প্রকাশ করিয়া বঙ্গভাষার একটী অভাব মোচন করিয়াছেন। সর প্রয়াল্টার স্কট প্রভৃতি লেখকগণ যেনন ইংরাজীতে নবেল লিখিরাছেন,
বিষ্কিমবাবুর দারা তদ্ধপ দুগেশনন্দিনী, কপালকুণ্ডলা,
ও মৃণালিনী নাম্মী তিনখানি অত্যুৎকৃত্ত গ্রন্থ রচিত
ইইরাছে। এই সকল পুস্তকের বিশেষ গুণ এই যে,
যত পাঠ করা যায়, ততই পঠনেচ্ছা বলবতী হইতে
থাকে। ইঁহার প্রণীত একথানি পদ্য গ্রন্থ আছে।

অশেষগুণালঙ্ক পঞ্জিবর দারকানাথ বিদ্যাভূষণ মহাশয়ের লেখনী কেবল সংবাদপত্র লিখিয়াই
নিরস্ত নছে। অবকাশমতে অন্মদ্দেশীয় বালকর্দ্দের
নিমিত্ত গ্রীদের ইতিহাস, রোমের ইতিহাস, নীতিসার
প্রভৃতি কয়েকথানি পাঠ্য পুস্তকও রচনা করিয়াছেন।
কিন্তু "সোমপ্রকাশ" তাহার যশঃকীর্ত্তির স্তম্ভ-মূল দৃঢ়ীভূত করিয়াছে।

বিবিধ গুণরাশি বাবু ভূদেব মুখোপাধার মহাশরও বঙ্গভাষার একটা মহৎ অভাব পূরণ করিয়াছেন। ইঁহার দ্বারাই প্রথম স্থপালীবদ্ধ বৈজ্ঞানিক পুস্তক বঙ্গভাষার প্রচারিত হইরাছে। ইঁহার প্রণীত প্রাক্ত বিজ্ঞান, ক্ষেত্রতত্ত্ব, ইংলণ্ডের ইতিহাস, প্রতিহাসিক উপন্যাস বঙ্গবিদ্যালয়সমূহের পাঠ্য পুস্তক। এডুকেশন গেক্ষেটের বর্ত্তমান সমৃদ্ধাবস্থা ভূদেববারুর দ্বারা সাধিত হইতেছে।

বার্ছরিশচন্দ্র মিত্র, হরিমোহন গুপ্ত, দারকানাথ রায়, বিহারিলাল চক্রবর্তী প্রভৃতি বঙ্গভাষার গণনীয় কবি। হরিশ বারু বহুকাল হইতে সাহিত্য-সংসারে গুঞ্জন করিতেছেন। ই হার দ্বারা অনেকগুলি প্রাচীন বাঙ্গালা কাব্য আপ্বিষ্ঠ হইয়াছে। গদ্য পদ্য উভয়-বিধ রচনায় ই হার বিশেষ ক্ষমতা দেখা যায়। ইনি বিধবা বঙ্গাঙ্গনা, কীচকবধ কাব্য, রামায়ণ-জাদিকাও, বীরবাক্যাবলী, সীতা-নির্বাদন কাব্য, কবিরহ্ন্য, জ্ঞা-নকী নাটক, জয়দ্রথ নাটক, কবির্কলাপ ইত্যাদি পুস্তক সমূহ রচনা করিয়াছেন। পত্রিকা সম্পাদন বিষয়ে ইনি বন্ধদেশের পূর্মাঞ্চলে একজন প্রাসিদ্ধ লোক। হিন্দু-হিতৈষিণী, ঢাকাদর্পণ, হিন্দুরঞ্জিকা প্রভৃতি সংবাদপত্র ই<sup>\*</sup>হার দারা সম্পাদিত হইত। এক্সণে ''মিত্র-প্রকাশ' নামক সাহিত্য-সমালোচক-পত্র সম্পাদন করিতেছেন। मानावत हित्राह्म ७३४ महाभाग तामायन, महाभीत উপাথ্যানাদি পুত্তক লিখিয়া ক্বি-যশঃ লাভ ক্রিয়াছেন। বাবু দ্বারকানাথ রায় প্রকৃতস্থুণ, কবিতাপাঠ, প্রকৃতি-থেম, রাসামৃত, সুশীল মন্ত্রী, মোহমুদ্ধার ও স্ত্রী শিক্ষা বিধানের প্রণেতা। তি,নি "সুলভ-পত্রিকা" নাম্নী এক থানি নীতিগর্ভ পত্রিকার সম্পাদক ছিলেন। দারকানাথ ब्रार्यंत श्रेष्ठा अमा छे छात्रविध ब्रह्मा है मबल। विद्राविमान वांतू ''अत्वाधवसूं' शत्क्रत मन्त्रीपक। मन्त्रीक्रमंत्रक, বক্সস্থানরী, নিষ্কর্গ সন্দর্শন, প্রেমপ্রবাহিনী, এবং বন্ধু-বিয়োগ ই<sup>°</sup>হার উৎকৃষ্ট রচনাশক্তির পরিচয় **দিতেছে**। ক্লিকাতা নৰ্মাল বিদ্যালয়ের প্রধান শিক্ষক জীযুক্ত বারু গোপালচন্দ্র বন্দ্যোপাধ্যায় প্রায় বিংশতি বৎসর কাল শিক্ষা বিভাগে অতিবাহিত করিয়া, বঙ্গভাষায় "শৈক্ষাপ্রণালী" প্রন্ধৃত করিয়াছেন। ই হার প্রণীত "গোলকের উপযোগিতা" দারা আর একটা অভাব পুরণ হইয়াছে। এতজ্ঞিন বালকদিগের পাঠোপযোগী নিম্ন লিখিত পুস্তকগুলি রচন করিয়াছেন। যথা,— হিতশিক্ষা চারিভাগ। বর্গশিক্ষা ছুইভাগ। মানসাম হয়ভাগ। এবং মাদক সেবনের অবৈধতা।

নংস্কৃত কালেজের অধ্যক্ষ বাবু প্রসন্মকুগার সর্বাধি-কারী প্রথম "পাটাগণিত" ও "বীজগণিত" সঙ্কলন পূর্ব্বক বাহ্বালায় অঙ্কশিক্ষার্থিগণের বিশেষ উপকার করিয়াছেন।

সজনপ্রধান বারু দেবেন্দ্রনাথ ঠাকুর মহাশের দ্বারা বঙ্গভাষার বিস্তর উন্নতি সাধিত হইয়াছে।

ৰাবু বিজ্ঞেন্তাগ ঠাকুর চারিখণ্ড "ভত্তবিদ্যা" রচনা করিয়া,বঙ্গুসমাজে বিশেষ প্রেশং সনীয় হইয়াছেন।

শীযুক্ত বার তারিণীচরণ চটোপাধ্যায় প্রণীত "ভারতবর্ষের ইতিহাস" অতিশয় প্রসংশনীয়। চট্টো-পাধ্যায় মহাশয় দ্বারা বঙ্গুভাষায় প্রথম উৎকৃষ্ট ভূগোল রচিত হয়।

সংস্কৃত কালেজের ক্নতবিদ্য ছাত্র বারু লাল মোহন ভট্টাচার্যোর ছারা বঙ্গ ভাষার অতি উৎকৃষ্ট "অলঙ্কার কাব্য নির্ণয়" প্রকাশিত হইয়াছে। অমুবাদক সমাজের সাহাব্যে বারু মধুমুদন মুখো-পাধ্যার দ্বারা স্থানীলার উপাধ্যান তিন থণ্ড, মুরজিহা-নের জীবনচরিত, ও অহল্যা হড্ডিকার জীবনচরিত ইত্যাদি অনেকগুলি পুস্তক রচিত হইয়াছে। এই সকল পুস্তকের রচনা অতিশয় সরল।

মৃত বার নীলমণি বসাক ও রাধামোহন সেন এবং পণ্ডিতবর মুক্রারাম বিদ্যাবাগীশকর্ত্ব অনেকগুলি পুস্তক লিখিত হইয়াছিল। প্রথমোক্ত মহোদয়ের নব-নারী, ভারতবর্ষের ইতিহাস, পার্স্যউপন্যাস, অতীব প্রশংসনীয়। পণ্ডিতবর মুক্তারাম বিদ্যাবাগীশ মহাশয় অনেকগুলি ভিন্ন ভাষাস্থ পুস্তক বঙ্গভাষায় অসুবাদ করিয়াছেন। "সর্বার্থ পূর্ণচক্রে" প্রকাশিত পুরাণাদির অনুবাদ, এবং আরব্য উপন্যাস প্রভৃতি পুস্তক তাঁহার নাম চির্শারণীয় করিয়াছে।

পঞ্জিতবর রামনারায়ণ ভর্করত্ব, বাবু দীনবন্ধ মিত্র, ও উমেশচন্দ্র মিত্র নাটক রচনা করিয়া বিশেষ খ্যাতি লাভ করিয়াছেন।

অন্মদেশীয় মহিলাকুলের গরিমাস্বরূপা, পাবনা-নিবাসিনী শ্রীমতী বামাস্থলরী দেবী এবং কলিকাতাস্থ শ্রীমতী কৈলাস্বাসিনী দেবী বঙ্গভাষার লেখনী ধারণ করত, বিশেষ ভাদরণীয়া হইয়াছেন।

ধর্মপ্রচারক বাবু কেশবচন্দ্র সেন মহোদয় ছারাও বঙ্গভাষার বিজ্ঞর উপকার হইয়াছে। ই°হার সন্ত্রণ- দেশপূর্ণ বজ্তুতা সমূহ পাঠ করিয়া সকলেই পরিতৃপ্ত হন। সম্প্রতি কয়েক মাস হইল, ইংলঞ্ছ ইডে প্রত্যা-গত হইয়া "সুলভদমাচার" নামক একখানি এক প্রসা মূল্যের পত্র প্রচার করিয়াছেন। এক্ষণে বাঙ্গালাভাষার শুভকাল উপস্থিত। পুর্বোক্ত স্থলভের আদর্শ গ্রহণ করিয়া অনেকগুলি পত্র প্রচারিত ইইয়াছে, তন্মধ্যে "সাহিত্যমুকুর" বর্ণনার যোগা।

এতঘাভিরিক্ত "সামার গুপ্ত কথা" নামক একথানি রহসামূল ও উপদেশপূর্ণ নবেল সংখ্যানুসারে প্রকাশিত হইতেছে। সম্রাতি দ্বাবিংশতি
কর্মায় প্রথম পর্ব্ব সমাপ্ত হইয়াছে। আমরা অল্পন্ধান
দ্বারা অবগত হইলাম, শোভাবাজ্ঞারের রাজবংশীয
বিদ্যাল্লরাগী প্রিযুক্ত কুমার উপেক্রেক্ত বাহাত্তরের
যত্ত্বে ও উপদেশে প্রভাবরের সহকারী সম্পাদক ভুবন
বারু ইহার রচনা করিতেছেন। ইহা পাঠ করিয়া অনেকেই কৌতুক ও উপদেশ লাভ করিতে পারিবেন
সন্দেহ নাই। গ্রন্থকার বঙ্গদেশের দ্বর্নীতি সংশোধনার্থ
যত্ত্বশীল হইয়াছেন। আমরা ভরসা করি, দেশছিতৈষী
মহোদয়গণ রচ্মিতাকে উৎসাহিত করিয়া প্রকৃতগুণের
আদর করিবেন।

পণ্ডিতবর আনন্দচন্দ্র বেদান্তবাগীশ, ভরতচন্দ্র শিরোমণি, জয়নারায়ণ তর্কপঞ্চানন, জগুযোহন তর্কা-ক্ষার, হেমচন্দ্র ভট্টাচার্য্য, কুষ্ণধন বিদ্যারত্ব,মধুরানাথ তর্করত্ব, লোহারাম শিরোরত্ব, মধুফুদন বাচম্পতি, রামণতি ন্যায়রত্ব, বারু তুর্গাচরণ বন্দ্যোপাধ্যায়, বিদ্যালয় সমূহের ভিপুটি ইনস্পেষ্টর বারু রাধিকা প্রসন্ন মুখোপাধ্যায় ও বারু নীলমণি মুখোপাধ্যায়,হাইকোর্টের ইন্টারপ্রিটর বারু শ্যামাচরণ সরকার, বারু প্রভাপচন্দ্র ঘোষ, প্রামবা-ভা সম্পাদক বারু হরিনাথ মজুনদার এবং পাদরি লং ও রবিনসন সাহের প্রভৃতি মহোদয়গণ বহু দিন অবধি বঙ্গভাষার উন্নতিকশ্পে ব্রতী হইয়াছেন।

বহরমপুরস্থ বিদ্যান্থরাগা জমিদার বাবু রামদাস দেন, দীনপালিনী বিদ্যানুরাগিণী রাণী স্থর্ণমন্ত্রী, মুক্তাগাছাত্ত জনিদার বাবু স্থাকাত্ত আচা হিচাধুরী এবং রাজা যতীক্রমোহন ঠাকুর প্রভৃতি মহোদয়গণ বিদ্যোৎসাহিতাগুণে চিরম্মরণীয় যশোলাভ করিয়া-ছেন। যে কোন হুতন পুস্তুক বা পত্রিকা প্রচারিত হয়, ইঁহারা অতি আগ্রহের সহিত ভাষা গ্রহণ করিয়া থাকেন। এতদ্তির কোন পত্রিকার সম্পাদক বা গ্রন্থ রচ্মতা উঁহাদিগের নিকট সাহায্য প্রার্থনা করিলে প্রশক্ত হলরে অর্থ দান করিতে কুপ্তিত হন না। রাম-দাস বাবুর রচনাশক্তিও সাধারণের হৃদয়গ্রাহিণী। ইঁহার রচিত তিনখানি কাব্য পুস্তুক অতি স্থললিত হইয়াছে।

পূর্কোক্ত বিষয় সকল সমালোচনা করিয়া, বঙ্গভাষার তিনটি অবস্থা নিণীত হইল। প্রথম, নানা ভাষার বিনিশ্র অবস্থা। দ্বিতীয়, বাঙ্গালা বা প্রাকৃত। এবং তৃতীয় সংস্কৃত বা বিশুদ্ধ।

প্রায় নিত্য নিতাই এখন মৃতন সূতন অনেক পুস্তক জামাদিগের দৃষ্টিগোচর হয়, কিন্তু তাহার অধিকাংশই অসার। কলিকাতা বটতলার অনেক পুস্তক বঙ্গভাষার অপমান স্বরূপ।







